তরজমায়ে সূরহ মুহাম্মাদ

প্রথম পর্ব

আয়াত : ১-১১

হাবীবুল্লাহ মাহমুদ

তরজমায়ে সূরহ মুহাম্মাদ

[প্রথম পর্ব]

আয়াত: ১-১১

হাবীবুল্লাহ মাহমুদ

শেষ্টিম প্রকাশনী

তরজমায়ে সূরহ মুহাম্মাদ (প্রথম পর্ব)

লেখকঃ হাবীবুল্লাহ মাহমুদ বিন আব্দুল ক্বদীর

সম্পাদকঃ জিহাদুল ইসলাম

গ্রন্থস্বত্বঃ অন্তিম প্রকাশনী

প্রথম প্রকাশঃ রজব, ১৪৪৭ হিজরী
ডিসেম্বর, ২০২৫ ঈসায়ী

মুদ্রণঃ জানুয়ারি, ২০২৬

প্রকাশনায়ঃ অন্তিম প্রকাশনী

হাদিয়াঃ ১৫০ (একশত পঞ্চাশ) টাকা মাত্র।

অন্যান্য বইগুলোঃ https://cutt.ly/akhirujjamanbooks
https://gazwatulhind.site
https://dl.gazwatulhind.site

যোগাযোগঃ backup.2024@hotmail.com

বই কিনুনঃ http://cutt.ly/ontim_prokashoni

TARJAMA E SURAH MUHAMMAD (1st Part) WRITTEN BY HABIBULLAH MAHMUD BIN ABDUL QADIR, EDITED BY JIHADUL ISLAM. PUBLISHED BY ONTIM PROKASHONI. COPYRIGHT: PUBLISHER. 1st PUBLISHED ON: DECEMBER 2025 ISAYI, RAJAB 1447 AH HIJRI.

উপহার

.....

.....

.....

.....

.....

.....

এর পক্ষ হতে

.....

.....

.....

.....

.....

.....

লেখক পরিচিতি

নাম মাহমুদ। ডাকনাম জুয়েল মাহমুদ, তাঁর স্বজনদের অনেকে তাকে সোহেল নামেও ডাকে এবং বাংলাদেশসহ ভারতবর্ষের অনেক অঞ্চলের মানুষই তাকে ‘‘হাবীবুল্লাহ মাহমুদ’’ নামে চেনে। পিতা আব্দুল কুদীর বিন আবুল হোসেন এবং জননী সাহারা বিনতে রিয়াজ উদ্দিন।

জন্মঃ তিনি ১৪১৬ হিজরীর জুমাদিউল আওয়াল মাসের ৬ তারিখ (ঈসায়ী ১৯৯৫ সালের ১লা অক্টোবর) রবিবার সকালে নাটোরের বাগাতিপাড়া উপজেলার পাঁকা ইউনিয়নের অন্তর্গত উত্তর গাঁওপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন।

পিতা-মাতার দিক থেকে কয়েক জন উর্ধ্বতন পুরুষের নামঃ

■ পিতার দিক হতে- আব্দুল কুদীর বিন আবুল হোসেন বিন আব্দুল গফুর বিন খাবীর বিন আব্দুল বাকী বিন মাওলানা নজির উদ্দিন আল-যোবায়েরী (রহঃ) বিন মোল্লা আব্দুছ ছাত্তার মুর্শিদাবাদী বিন শাইখ আবদে হাকিম ইউসুফী (রহিঃ)। যিনি ১৭৮৪ খ্রিষ্টাব্দে ইংরেজদের বিরুদ্ধে ভারতবর্ষের কিছু সংখ্যক মুসলিম যোদ্ধাদের নিয়ে ‘বদরী কাফেলা’ নামে একটি সংগঠন তৈরী করেন এবং তাঁর মাধ্যমে ইংরেজদের সাথে লড়াই করেন। অতঃপর ১৭৯৩ খ্রিষ্টাব্দে মার্চের ৩ তারিখে তিনি ইংরেজদের হাতে বন্দী হন এবং কলিকাতায় ইংরেজদের কারাগারে বন্দী থাকেন। পরিশেষে তিনি ইংরেজদের নির্যাতনের শিকার হয়ে ১৭৯৩ খৃষ্টাব্দে ২৮শে জুলাই বাদ আসর কারাগারে ইন্তেকাল করেন।[১]

■ মাতার দিক হতে- সাহারা বিনতে রিয়াজ উদ্দিন বিন ইব্রাহীম বিন কাসেম মোল্লা ওরফে কালু মোল্লা বিন বাহলুল বিন নূর উদ্দিন হেরা পাঠান, যিনি পাকিস্তানের বেলুচিস্তানের অধিবাসী ছিলেন।

শিক্ষা জীবনঃ তিনি স্থানীয় সালিমপুর মালিগাছা সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ৫ম শ্রেণী পর্যন্ত পড়া-লেখা করেন। অতঃপর তাঁর নানার সহযোগিতায় স্থানীয় গাঁওপাড়া হাফেজিয়া মাদ্রাসায় ভর্তি হন এবং সেখান থেকে কুরআনের নাজরানা শেষ করে তিনি কিছু অংশ মুখস্থও করেন। অতঃপর বাঘা মাদরাসায় ভর্তি হয়ে সেখান থেকে তিনি ইসলামের প্রাথমিক শিক্ষা সমাপ্ত করেন।

---

১. ভারতবর্ষের মুসলিমদের ইতিহাস (মুসলিম শাসন), লেখক: আব্দুল করিম মোতেম, (পৃষ্ঠা ৩০৬)।

সূচিপত্র

পৃষ্ঠা

সম্পাদকের কথা	০৯
ভূমিকা	১২
তা'উজ বা 'আ'য়ুজু বিল্লাহি' পাঠ করার গুরুত্ব	১৩
তা'উজ পাঠ করার ফাযিলাত	১৪
যেই সকল স্থানে "তা'উজ" পাঠ করতে হয়	১৮
সূরহ মুহাম্মাদ, মাদানী	২৯
নামকরণ	২৯
নাযিলের সময় কাল	৩০
ঐতিহাসিক পটভূমি	৩০
তাসমিয়া	৩৩
"بِسْمِ اللهِ" এর ফাযিলাত	৩৪
মূল আলোচনা শুরু	
হক ও বাতিলের পরিচয় সূরা মুহাম্মাদ, আয়াত-১	৩৫
আল্লাহর পথে বাঁধা দানকারীদের প্রকারভেদ	৩৭
১. শাসক	৩৭
২. শাসকের প্রশাসন	৩৮
শাসকের অর্থলোভী প্রশাসনের শেষ পরিনতি	৩৮
তগুত-ই-শাসকের প্রশাসনের সকল সৈনিককে ঢালাও ভাবে কাফের ফতুয়া দেয়া সঠিক নয়	৪০
৩. কলুষিত সমাজের প্রধানবর্গরা	৪১
৪. উলামায়ে সূ তথা পথভ্রষ্ট আলেম	৪৩
পথভ্রষ্ট আলেমদের ব্যাপারে বর্ণিত হাদিস	৪৫
শায়েখ	৪৬
বড় বড় ইসলামী দলের নেতাগণ	৪৬
মুসলিম পাবলিক দল	৪৭
৫. স্বগোত্রীয় প্রধান	৪৮
সূরা মুহাম্মাদ, আয়াত-২	৫১

সূরা মুহাম্মাদ, আয়াত-৩	৫৩
ইহুদি ধর্মের প্রধান উৎসব- ‘‘পাস ওভার’’	৫৪
ইসলামের সাথে সাংঘর্ষিক যেভাবে	৫৫
খ্রিষ্টান ধর্মের উৎসব- ‘‘ইস্টার সানডে’’	৫৭
বৌদ্ধ ধর্মের উৎসব- ‘‘বুদ্ধ পূর্ণিমা’’	৫৮
হিন্দুধর্মের উৎসব- ‘‘অশ্লীল নাচ ও গান-বাজনা’’	৫৯
বাতিল হকের প্রতি অধিক যুলুম-নির্যাতন করলে ও হকের প্রতি সশস্ত্র আক্রমণ করলে হকের করণীয় সূরা মুহাম্মাদ, আয়াত-৪	৬১
১. শিরক ও কুফরী	৬৪
২. বিদা’আত সৃষ্টি করা	৬৫
৩. ফাসেক রাষ্ট্রনেতা	৬৬
৪. বিলাসী ধনিক শ্রেণী	৬৬
৫. সুদ ও পুঁজিবাদী অর্থব্যবস্থা	৬৭
৬. অন্যায় বিচার ব্যবস্থা	৬৮
৭. ন্যায়ের আদেশ ও অন্যায়ের নিষেধ বন্ধ হওয়া	৬৯
৮. আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করা	৬৯
যাকাত প্রদানে অস্বীকারকারীদের ব্যাপারে পদক্ষেপ	৭১
[১] ক্ষুদ্রঋণ	৭৩
[২] C.C. (ছিঃ ছিঃ) লোন বা ঋণ	৭৪
কাফির বন্দীদের ক্ষেত্রে আমীরুল মুজাহিদীনের ইচ্ছা	৮৩
আল্লাহর জমিনে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠার প্রচেষ্টাকারী মুজাহিদীনদের পক্ষে আল্লাহর বার্তা সূরা মুহাম্মাদ, আয়াত-৫ ও ৬	৯০
জান্নাত	৯১
আল্লাহর সাহায্য মুজাহিদীনদের জন্য সূরা মুহাম্মাদ, আয়াত-৭	৯৭
[১] মুমিন কাকে বলে?	৯৭
[২] আল্লাহকে সাহায্য করা	৯৮

[৩] আল্লাহর পক্ষ হতে সাহায্যপ্রাপ্ত হওয়া	১০০
[৪] আল্লাহর সাহায্যের পরিচয়	১০১
ইহকালের সাহায্য	১০১
পরকালের সাহায্য	১০২
কুফুরীর পরিণতি সূরা মুহাম্মাদ, আয়াত-৮ ও ৯	১০৩
(১) বড় কুফরী	১০৪
(১.১) মহান আল্লাহ তা'য়ালাকে গাল-মন্দ করা বড় কুফরী	১০৪
(১.২) মহান আল্লাহ তা'য়ালার রসূল (ﷺ) কে গাল-মন্দ করা বড় কুফরী	১০৫
(১.৩) মহান আল্লাহ তা'য়ালার আয়াতকে অস্বীকার করা বড় কুফরী	১০৬
(১.৪) আল্লাহ তা'য়ালার আদেশ-নিষেধের কিছু অংশ মানা ও কিছু অংশ অস্বীকার করা বড় কুফরী	১০৬
(১.৫) হালালকে হারাম করা আর হারামকে হালাল করা বড় কুফরী	১০৭
(১.৬) আল্লাহর ইবাদাতে শিরক করা বা অংশীদার স্থাপন করা বড় কুফরী	১০৭
(১.৭) আল্লাহ ও বান্দার মাঝে কাউকে মাধ্যম তৈরি করা, তাদেরকে ডাকা এবং তাদের নিকটে শাফায়াত কামনা বড় কুফরী	১০৮
(১.৮) মুশরিকদের কাফের মনে না করা। তাদের কুফরীর ব্যাপারে সন্দেহ পোষণ করা এবং তাদের মতবাদ সমূহকে সঠিক মনে করা বড় কুফরী	১০৯
(১.৯) আল্লাহর রসূল (ﷺ) এর দেখানো পথ ব্যতীত অন্য কোন পথ পরিপূর্ণ মনে করা অথবা ইসলামী শাসনব্যবস্থা বা বিধান ব্যতীত অন্য কারো তৈরি হুকুমাত উত্তম মনে করা বড় কুফরী	১১১
গণতন্ত্র সম্পর্কে কিছু কথা	১১১
গণতন্ত্রের সংজ্ঞা	১১২
শুরা ও গণতন্ত্রের পার্থক্য	১১৪
(১.১০) আল্লাহর রসূল (ﷺ) এর আনিত বিধানের কোন অংশকে অপছন্দ করা বড় কুফরী। যদিও সে ঐ বিষয়ে আমল করে	১১৭

(১.১১) আল্লাহর রসূল (ﷺ) এর আনীত দ্বীনের কোনো বিষয় অথবা ইসলামের ছওয়াব বা শাস্তির ব্যাপারে ঠাট্টা-বিদ্রুপ করা বড় কুফরী	১১৭
(১.১২) যাদুর মাধ্যমে ভালো বা মন্দ কিছু অর্জন করা অথবা স্বামী-স্ত্রীর মাঝে সম্পর্ক স্থাপন বা বিচ্ছেদ ঘটাতে গোপনে বা প্রকাশ্যে তন্ত্র-মন্ত্র করা অথবা ছেলে মেয়ের সম্পর্ক স্থাপন বা বন্ধুত্বের ফাটল ধরাতে চাওয়া বড় কুফরী	১১৮
(১.১৩) মুসলিমদের বিরুদ্ধে মুশরিকদের সাহায্য সহযোগিতা করা বড় কুফরী	১১৯
(১.১৪) আল্লাহর রসূল (ﷺ) এর আনীত শরিয়াত ব্যতীত অন্য কোনো ধর্মে জীবন পরিচালনা করলে জান্নাত পাওয়া যাবে, এমন কথা মুখে উচ্চারণ করা বা অন্তরে বিশ্বাস করা বড় কুফরী	১১৯
(১.১৫) আল্লাহর রসূল (ﷺ) শেষ নাবী ও শেষ রসূল একথা বিশ্বাস না করা অথবা আল্লাহর রসূল (ﷺ) এর পরেও আরো কোনো নাবী বা রসূল আসবে বা আসছে একথা বিশ্বাস করা বড় কুফরী	১২০
(২) ছোট কুফরী	১২১
(২.১) মুসলমান-মুসলমান যুদ্ধ করা ছোট কুফরী	১২১
(২.২) আল্লাহর দেয়া রিযিক লাভের পর কৃতজ্ঞতা জ্ঞাপন না করা ছোট কুফরী	১২২
(২.৩) অন্যের বংশের প্রতি তাচ্ছিল্য করা এবং মৃত ব্যক্তির জন্য বিলাপ করা অর্থাৎ মৃত ব্যক্তিগণকে স্বরণ করে উচ্চস্বরে ক্রন্দন করা ছোট কুফরী	১২২
(২.৪) আল্লাহ ব্যতীত অন্যের নামে কসম করা ছোট কুফরী	১২৩
(২.৫) পিতার পরিচয় অস্বীকার করা ছোট কুফরী	১২৩
(২.৬) ঋতুবতী স্ত্রীর সাথে সহবাস করা অথবা স্ত্রীর পায়ুপথে সহবাস করা অথবা গণকের নিকট যাওয়া ছোট কুফরী	১২৩
কুফুরীকারীদের জন্য মহান আল্লাহ তায়ালার সাবধান বাণী সূরা মুহাম্মাদ, আয়াত-১০ ও ১১	১২৫

সম্পাদকের কথা

بِسۡمِ ٱللَّهِ ٱلرَّحۡمَٰنِ ٱلرَّحِيمِ

নাহমাদুহূ ওয়া নুছল্লী ‘আলা রসূলিহিল কারীম। আম্মা বা’আদ;

হাবীবুল্লাহ মাহমুদ হাফিঃ এর লেখা আরেকটি বই ‘‘তরজমায়ে সূরহ মুহাম্মাদ’’। এই গ্রন্থটি লেখা শুরু ও শেষ করার ইতিহাস অনেকটাই লম্বা। যখন তিনি এ বিষয়ে লেখার চিন্তা নেন রাজশাহী কারাগারে থাকতে তখন ২০২২ সাল। অতঃপর তার কিছুদিনের মধ্যেই তার মামলার জামিনের সম্ভাবনাটি খুবই শক্তভাবে স্পষ্ট হয়। আলহামদুলিল্লাহ, অনেক বাঁধা বিপত্তির পর তিনি ২০২২ সালে আগস্ট মাসে রাজশাহীর দেয়া মামলাটির জামিন পেয়ে যান।

আরো একটি মামলা থাকার কারণে রাজশাহী কারাগার থেকে তাকে কেরানীগঞ্জ কেন্দ্রীয় কারাগারে নিয়ে যাওয়া হয়। অতঃপর সেখান থেকে আবার পুরানো এক মামলা অর্থাৎ ২০১৯ সালের সন্ত্রাস বিরোধী মামলার জামিন নতুন করে করা হয় এবং ২০২২ ঈসায়ী সালের সেপ্টেম্বরের ১ তারিখ জামিনে তিনি বের হন। আলহামদুলিল্লাহ। অতঃপর, তাঁর দাওয়াহ এর কাজকে আবারো সক্রিয় করতে কয়েক মাস সময় পার হয়ে যায় এবং ২০২৩ ঈসায়ী সালের ফেব্রুয়ারী মাস হতে ‘‘সূরহ মুহাম্মাদ’’ এর ব্যাখ্যা বা তরজমা গ্রন্থটি লেখা শুরু করেন, যার নামকরণ করেছিলেন ‘‘তরজমায়ে সূরহ মুহাম্মাদ’’।

অতঃপর সূরহ মুহাম্মাদ এর ৪ নং আয়াতের ব্যাখ্যায় ‘‘কাফির বন্দীদের ক্ষেত্রে আমীরুল মুজাহিদীনের ইচ্ছা’’ শিরোনাম পর্যন্ত লিখেন। অতঃপর আল্লাহর সন্তুষ্টির জন্য ঈমান-আমল হেফাজতের লক্ষ্যে তিনি হিজরত করেন এবং ২০২৩ ঈসায়ী সালের ১৪-ই আগস্ট আবারো গ্রেফতার হন। অতঃপর তিনি মহান আল্লাহ তা’য়ালার শুকরিয়া আদায় করেন এজন্য যে, আল্লাহ তাকে আবারো ২০২৪ ঈসায়ী সালের মে মাসে জামিনে মুক্তির ব্যবস্থা করেন এবং তিনি জামিনে বের হন। আলহামদুলিল্লাহ।

অতঃপর, তিনি ২৪-শে ছাত্র আন্দোলনের সময় আবার পুলিশি হয়রানির শিকার হন, বিভিন্ন সময়ে বিভিন্ন ভাবে। পরিবেশ তাঁর জন্য এতটাই কঠিন হয়ে যায় যে, ২ আগস্ট রাত্রে অন্ধকারের মধ্যে বাড়ি হতে লুকিয়ে বিশাল

মাঠে ভোর পর্যন্ত অপেক্ষা করে এবং সূর্য উদয়ের পূর্বেই নিজ গ্রাম হতে লুকিয়ে পাবনার উদ্দেশ্যে রওনা দেন। বাড়ি থেকে পালানো বা লুকানোর কারণ এই যে, গোয়েন্দা ও পুলিশ সেই দিন বিকেল থেকেই তাঁর বাড়ির আশে পাশে ছড়িয়ে পড়ে এবং তারা জানতো যে তিনি সেইদিন বাড়িতেই ছিলেন। কাজেই তারা তাকে গ্রেফতারের চেষ্টা করে।

তখন চলমান ছাত্র আন্দোলনের দুইটি পর্যায় ছিল।
[১] ছাত্র-ছাত্রীদের সরকার বিরোধী আন্দোলন ও মিছিল মিটিং।
[২] আন্দোলনের এক পর্যায়ে জালিম সরকার ও তার বাহিনী কর্তৃক অসংখ্য নিরীহ মানুষ ও ছাত্র-ছাত্রীর মৃত্যু।

ছাত্র আন্দোলন শুরু হয়েছিল নির্দিষ্ট কিছু দাবীর মধ্যে দিয়ে। যেটা শেষ পর্যায়ে ১ দফা সরকার পদত্যাগ এর দাবীতে রূপান্তরিত হয়। তারা শুরু থেকেই এর জন্য মিছিল, গণআন্দোলন চালিয়ে যাচ্ছিল। এর একটা পর্যায়ে তাগুত সরকারমহল ক্ষিপ্ত হয়ে ছাত্রসহ আন্দোলনরত সাধারণ গণমানুষের উপর গুলিবর্ষণ শুরু করলো এবং অসংখ্য মানুষ এতে হত্যার শিকার হতে লাগলো। তিনি প্রথম অবস্থায় ছাত্র আন্দোলনের পক্ষ-বিপক্ষ দুটোকেই অনর্থক মনে করেছেন। কিন্তু আন্দোলনের এক পর্যায়ে যখন মানুষের মৃত্যুর খবর ছড়িয়ে পরেছিল এবং জালিমের জুলুমের চূড়ান্ত পর্যায়ের রূপ নিয়েছিলো, তখন তিনি এই সংকটময় পরিস্থিতিতে জনমত একত্রিত করেন এবং স্থানীয় আওয়ামীলীগ ও তাদের সন্ত্রাসদের বিরুদ্ধে অবস্থান গ্রহণ কর্মসূচি পালন করেন।

অতঃপর শেখ হাসিনার পতনের পর তাঁর দাওয়াহ এর কাজকে আরো শক্তিশালী ও সক্রিয় করতে বেশ কিছু মাস অতিবাহিত হয়ে যায়। পরবর্তীতে তিনি ২০২৫ ঈসায়ী সালের নভেম্বর মাস হতে আবারো "সূরহ মুহাম্মাদ" এর ব্যাখ্যা বা তরজমা এর বাকি অংশ ‘‘আল্লাহর জমিনে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠার প্রচেষ্টাকারী মুজাহিদীনদের পক্ষে আল্লাহর বার্তা’’ শিরোনাম হতে লেখা শুরু করেন। যা সম্মিলিতভাবে ১-১১ আয়াত একত্রিত করে প্রথম পর্ব হিসেবে প্রকাশিত হচ্ছে, আলহামদুলিল্লাহ।

বইটিতে তিনি সূরহ মুহাম্মাদ এর সরল অনুবাদ এর পাশাপাশি আয়াতের মর্মার্থ, ভাবার্থ ও সেই বিষয়ের উপর কুরআন-সুন্নাহ এর দলিল ভিত্তিক মুসলিমদের আল্লাহ কি করতে নির্দেশ দিচ্ছেন, কি করতে বারণ করতেছেন সেগুলো সুন্দর ভাবে সাজিয়ে লিখেছেন। এজন্য বিশেষ করে সূরহ মুহাম্মাদ কেই বাছাই করার অন্যতম কারণ হচ্ছে- বর্তমান বিশ্বে মুসলিমদের মাজলুম অবস্থা থেকে উত্তরণের পথ বাতলে দেওয়া, যা এই সূরহ এর মধ্যে আল্লাহ তা'য়ালা জানিয়ে দিয়েছেন। বর্তমান সময়ে মুসলিমদের সাথে ইসলামও যেভাবে নির্যাতিত-নিষ্পেষিত আর চারিদিকে বিদআত-কুসংস্কার, অপব্যাখ্যাকেই যেভাবে ইসলামের রীতি-নীতি হিসেবে চালানো হচ্ছে তা সম্পর্কে মুসলিমদেরকে অবগত করা ও কঠিনভাবে সতর্ক করা। এছাড়া চোখে আঙ্গুল দিয়ে দেখানো যে- কুরআন-সুন্নাহর বিপরীত বর্তমানের ইসলামের মধ্যে কোথায়, কারা ও কিভাবে বিকৃত সাধন করছে, কারা মুসলিমদের বিরোধিতা করছে, বাঁধা দিচ্ছে। আরো রয়েছে- সমাজে নামে মুসলিম ও প্রকৃত মুসলিমদের বিপরীতমুখী অবস্থান ও কার্যক্রম সম্পর্কে আলোচনা। মুসলিমদের এ বিষয়ে জ্ঞানার্জন করার জন্যই এই বইয়ের প্রকাশ।

সূরহ মুহাম্মাদ এর আরেকটি নাম হচ্ছে 'সূরহ ক্বিতাল' অর্থাৎ যুদ্ধ। যখন চারিদিকে জুলুম দিয়ে ভরে যায়, ইসলামের আলো নিভু অবস্থায় চলে যায়, বাতিলদের অত্যাচার-নির্যাতন চূড়ান্ত রূপ ধারণ করে, বিধর্মী কর্তৃক মুসলিমদের হত্যা ও সশস্ত্র আক্রমণ চলতে থাকে, ইসলামকে চিরতরে মিটিয়ে দেওয়ার পরিকল্পনা চলতে থাকে, তখন আল্লাহ তায়ালা বলেন-

"অতএব, তোমরা যখন কাফিরদের সাথে যুদ্ধে অবতীর্ণ হও, তখন তাদের ঘাড়ে আঘাত কর। পরিশেষে তোমরা যখন তাদেরকে সম্পূর্ণ ভাবে পরাস্ত করবে তখন তাদেরকে শক্ত ভাবে বেঁধে নাও। তারপর হয় অনুগ্রহ কর, না হয় মুক্তিপণ আদায় কর। যতক্ষণ না যুদ্ধ তার বোঝা রেখে দেয় (অর্থাৎ যুদ্ধ বন্ধ হয়)। এটাই বিধান।" (সূরহ মুহাম্মাদ, আ: ৪)

সম্পাদক
জিহাদুল ইসলাম

ভূমিকা

বিসমিল্লাহির রহমানির রহীম

নাহমাদুহু ওয়ানুছল্লি 'আলা রসূলিহিল কারীম, আম্মাবাদ। আমি আবারো প্রশংসা জ্ঞাপন করছি মহান আল্লাহ তা'য়ালার, যিনি সকল কিছুর উপর সর্বশক্তিমান। অতঃপর ''তরজমায়ে সূরহ মুহাম্মাদ''। এটা সূরহ মুহাম্মাদের সাধারণ একটি ব্যাখ্যা গ্রন্থ, যা আমি জনসাধারণের বোঝার সুবিধার্তে পর্ব আকারে খুবই সহজ সরল ভাষাতে লেখার চেষ্টা করেছি। যার প্রথম পর্ব প্রকাশ করছি, আলহামদুলিল্লাহ।

''তরজমায়ে সূরহ মুহাম্মাদ'' নামক সূরহ মুহাম্মাদের এই সাধারণ ব্যাখ্যা গ্রন্থ লেখার প্রতি আগ্রহী হই ২০২২ সালে। তখন আমি রাজশাহী কারাগারে বন্দী অবস্থায় ছিলাম। সেখানে আমার একাকিত্বের সঙ্গী হিসেবে নিয়মিত কুরআন তিলাওয়াত অন্যতম ছিল।

অতঃপর নিয়মিত কুরআন তিলাওয়াতের এক পর্যায়ে সূরহ মুহাম্মাদ এর ভাবার্থ আমাকে অনেক আগ্রহী করে তোলে এই সূরহ নিয়ে চিন্তা গবেষণার প্রতি। যদিও আমি ইতিপূর্বে অনেকবার সূরহ মুহাম্মাদ পাঠ করেছি। কিন্তু সেই দিনের সূরহ মুহাম্মাদ তিলাওয়াতটি আমার সামনে মুসলিমদের প্রতিরক্ষার একটি বাস্তব চিত্র তুলে ধরে। ফলে তখনই আমি ভাবি যে, সূরহ মুহাম্মাদ এর ভাবার্থ প্রকাশের প্রচেষ্টা করবো, ইংশাআল্লাহ।

অতঃপর, দীর্ঘ সময় কারাবন্দী থাকার পর জামিনে বের হই এবং বিভিন্ন বাঁধা-বিপত্তির পর অনুকূল পরিবেশ ও সুযোগ অনুযায়ী অত্র কিতাবটি লেখা শুরু করি। আমি আশা রাখি ''তরজমায়ে সূরহ মুহাম্মাদ'' কিতাবটি পড়ে পাঠকগণ উপকৃত হবেন, ইংশাআল্লাহ। মহান আল্লাহ তা'য়ালা আমাদের সকলকেই কুরআন মাজিদের সঠিক ভাবার্থ বুঝে পড়ার ও আমল করার তাওফিক দান করুন, আমিন।

অত্র কিতাবটিতে কোনো লেখায় বানান বা শব্দগত ভুল পাঠকগণের নজরে পড়লে তা ক্ষমার দৃষ্টিতে দেখিবেন এবং পরবর্তী সংশোধনের জন্য অবগত করিবেন।

নিবেদক
মাহমুদ বিন আব্দুল ক্বদীর
২৭/১২/২০২৫ ঈসায়ী

أَعُوذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ

"আ'য়ূ'জুবিল্লাহি মিনাশ শাইত্বো-নির রজীম।"

তা'উজ বা 'আ'য়ুজু বিল্লাহি' পাঠ করার গুরুত্ব

সম্মানিত পাঠক- কুরআন মাজিদ তিলাওয়াত শুরুর সময় "তা'উজ বা আয়ূজু বিল্লাহ" পাঠ করা ওয়াজিব।

মহান আল্লাহ তায়ালা বলেন,

فَإِذَا قَرَأْتَ الْقُرْآنَ فَاسْتَعِذْ بِاللهِ مِنَ الشَّيْطٰنِ الرَّجِيْمِ ﴿٩٨﴾

"তোমরা কুরআন পাঠের সময় বিতাড়িত শয়তান হতে আল্লাহর আশ্রয় প্রার্থনা করো।" (সূরহ নাহল, আ: ৯৮)

- তা'উজ পাঠ করার পদ্ধতি :

(ক)

أَعُوذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ

আ'য়ুজু বিল্লাহি মিনাশ শাইত্বো-নির রজীম।

(খ)

أَعُوذُ بِاللهِ السَّمِيعِ العَلِيمِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ

আ'য়ুজু বিল্লাহিস সামী'ইল 'আলীমি মিনাশ শাইত্বো-নির রজীম।

(গ)

أَعُوذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ إِنَّ اللَّهَ هُوَ السَّمِيعُ الْعَلِيمُ

আ'য়ুজু বিল্লাহি মিনাশ শাইত্বো-নির রজীমি ইন্নাল্লহা হুওয়াছ ছামী'য়ুল 'আলীম।

(ঘ)

اَسْتَعِيْذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ

আসতায়ীজু বিল্লাহি মিনাশ শাইত্বো-নির রজীম।

(তাফসীর ইবনে কাসীর, প্রথম খন্ড, পৃ: ৬৯)

তা'উজ পাঠ করার বিধান: আমি প্রথমেই বলেছি, কুরআন মাজিদ তিলাওয়াতের শুরুতে ''তা'উজ বা আয়ুজুবিল্লাহ'' পাঠ করা ওয়াজিব। যদিও বিদ্বানদের একটি অংশের মতে তা'উজ বা আয়ুজুবিল্লাহ পাঠ করা মুস্তাহাব, ওয়াজিব নয়। ইমাম আ'তা বিন রিবাহ (রহিঃ) এর মত এই যে- কুরআন পাঠের সময় ''আয়ুজুবিল্লাহ'' পাঠ করা ওয়াজিব; তা নামাজের মধ্যেই হোক বা নামাজের বাইরেই হোক।

ইমাম রাজি (রহিঃ) এরও একই মত। হযরত আ'তা (রহি:) বলেন- (ফাসতা'ইয) শব্দটি "আমর" বা নির্দেশসূচক ক্রিয়াপদ। আর আরবী ব্যাকারণ অনুযায়ী "আমর" অবশ্যকরণীয় কার্যের জন্যেই ব্যবহৃত হয়। ঠিক আল্লাহর রসূল (ﷺ) এর সদা সর্বদা এর উপর আমলও তা অবশ্যকরণীয় হওয়ার দলীল। (তাফসীরে ইবনে কাসীর, প্রথম খণ্ড, পৃ: ৬৮)

আর মহান আল্লাহ তায়ালার স্পষ্ট বানী এই যে,

فَإِذَا قَرَأْتَ الْقُرْآنَ فَاسْتَعِذْ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ ﴿٩٨﴾

''তোমরা কুরআন পাঠের সময় বিতারিত শাইতান হতে আল্লাহর আশ্রয় প্রার্থনা করো''। (সূরহ নাহল, আঃ ৯৮)

তা'উজ পাঠ করার ফাযিলাত

- মন্দ কাজ থেকে হেফাজাত ও শাইতানের কুমন্ত্রণা থেকে বেঁচে থাকা যায় : তা'উজ বা ফাযিলাত সম্পর্কে হাফিয ইবনে কাসীর (রহি:) বলেন-

قال ابن كثير رحمه الله:

والاستعاذة قبل القراءة هي قول جمهور العلماء. لأن المقصود أن يكون القارئ في حفظ الله من وساوس الشيطان.

''আ'উযূবিল্লাহ পাঠের মাধ্যমে পাঠক কুরআনুল হাকীম পাঠের সময় মনোযোগ বিচ্ছিন্ন হয়ে যাওয়া এবং আজে-বাজে চিন্তা থেকে (মাহফুয) হেফাজাত থাকে এবং শাইতানী কুমন্ত্রণা থেকে বেঁচে

যায়''। (তাফসিরে ইবনে কাসির, পারা ১৪, সূরহ নাহলের ৯৮ নং আয়াতের ব্যাখ্যা, পৃ: ৫২৯)

- রাগ নিয়ন্ত্রণ করা যায় :

حَدَّثَنَا عَبْدَانُ، عَنْ أَبِي حَمْزَةَ، عَنِ الأَعْمَشِ، عَنْ عَدِيِّ بْنِ ثَابِتٍ، عَنْ سُلَيْمَانَ بْنِ صُرَدٍ، قَالَ: كُنْتُ جَالِسًا مَعَ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَرَجُلاَنِ يَسْتَبَّانِ، فَأَحَدُهُمَا احْمَرَّ وَجْهُهُ، وَانْتَفَخَتْ أَوْدَاجُهُ، فَقَالَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: "إِنِّي لَأَعْلَمُ كَلِمَةً لَوْ قَالَهَا ذَهَبَ عَنْهُ مَا يَجِدُ، لَوْ قَالَ: أَعُوذُ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ، ذَهَبَ عَنْهُ مَا يَجِدُ" فَقَالُوا لَهُ: إِنَّ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: تَعَوَّذْ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ، فَقَالَ: وَهَلْ بِي جُنُونٌ

হযরত সুলাইমান ইবনু সুরাদ (রাঃ) থেকে বর্ণিত, আমি নাবী (ﷺ)-এর সঙ্গে বসে ছিলাম। তখন দু'জন লোক গালাগালি করছিল। তাদের একজনের চেহারা লাল হয়ে গিয়েছিল এবং তার রগগুলো ফুলে গিয়েছিল। তখন নাবী (ﷺ) বললেন, আমি এমন একটি দুআ জানি, যদি এ লোকটি পড়ে তার রাগ দূর হয়ে যাবে। সে যদি পড়ে ''আউযু বিল্লাহি মিনাশ শাইতান', আমি শাইতান হতে আল্লাহর নিকট আশ্রয় চাই''। তবে তার রাগ চলে যাবে। তখন তাকে বলল, নাবী (ﷺ) বলেছেন- তুমি আল্লাহর নিকট শাইতান হতে আশ্রয় চাও। সে বলল, আমি কি পাগল হয়েছি। (ছহিহ বুখারী, হা ৩২৮২)

- ছলাত আদায়ের সময় শাইতানের কুমন্ত্রণা থেকে বেঁচে থাকা যায় :

حَدَّثَنَا يَحْيَى بْنُ خَلَفٍ الْبَاهِلِيُّ، حَدَّثَنَا عَبْدُ الأَعْلَى، عَنْ سَعِيدٍ الْجُرَيْرِيِّ، عَنْ أَبِي، الْعَلاَءِ أَنَّ عُثْمَانَ بْنَ أَبِي الْعَاصِ، أَتَى النَّبِيَّ صلى الله عليه وسلم فَقَالَ يَا رَسُولَ اللَّهِ إِنَّ الشَّيْطَانَ قَدْ حَالَ بَيْنِي وَبَيْنَ صَلاَتِي وَقِرَاءَتِي يَلْبِسُهَا عَلَيَّ. فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم "ذَاكَ شَيْطَانٌ يُقَالُ لَهُ خِنْزِبٌ فَإِذَا أَحْسَسْتَهُ فَتَعَوَّذْ بِاللَّهِ مِنْهُ وَاتْفِلْ عَلَى يَسَارِكَ ثَلاَثًا". قَالَ فَفَعَلْتُ ذَلِكَ فَأَذْهَبَهُ اللَّهُ عَنِّي

হযরত উসমান বিন আবুল আস (রাঃ) নাবী (ﷺ) কে বললেন, হে আল্লাহর রসূল (ﷺ)! শয়তান আমার মধ্যে এবং আমার নামাজ ও

কিরাতের মধ্যে অন্তরায় হয়ে আমার কিরাতে জটিলতা সৃষ্টি করে। তখন রসূল (ﷺ) বললেন- এ হচ্ছে শয়তান, যাকে ''খানযাব'' বলা হয়। তুমি তার আগমন অনুভব করলে আল্লাহর নিকট তিন বার আশ্রয় প্রার্থনা করবে (অর্থাৎ আউজু বিল্লাহি মিনাশ শাইত্বনির রজীম পাঠ করবে) এবং বাম দিকে তিনবার থুতু ফেলবে। উসমান (রাঃ) বলেন- এরপর থেকে আমি এমনটি করি। ফলে আল্লাহ তাকে আমার কাছ থেকে দূরে সরিয়ে দেন। (সহিহ মুসলিম, হা ২২০৩)

প্রিয় পাঠক, তা'উজু এর ফাজিলাত এমন ক্রমিকভাবে বর্ণনা করার সুযোগ নেই। কেননা ইয়াক্বিনের সাথে 'তাউজ' পাঠ এমন একটি আমাল, যা যুদ্ধের ময়দানে শত্রুর সাথে মুকাবেলা করে শত্রুকে পরাস্ত করার চেয়েও গুরুত্বপূর্ণ। কারণ 'তাউজ' পাঠ এমন একটি অস্ত্র যা পাঠের মাধ্যমে অদৃশ্যমান স্পষ্ট ও প্রকাশ্য শত্রুকে ঘায়েল করা যায়।

পাঠক বন্ধু! শয়তান এমন একটি শত্রু যাকে মানুষ দেখতে পায় না। যুদ্ধের ময়দানেও শত্রুকে দেখতে পাওয়া যায়- শত্রু যতই যুদ্ধের সরঞ্জাম পরিহিত অবস্থায় উন্নতমানের অস্ত্র নিয়ে আসুক না কেন; মার্কিন, ইজরাইল, রুশ সৈন্যদের মতো সম্মুখ অস্ত্র যুদ্ধে দুর্বল আফগান মুজাহিদদের মতো তাদেরকেও পরাস্ত করা যায়।

কিন্তু শয়তান এমন একটি প্রকাশ্য শত্রু, যা শুধু অপ্রকাশ্য থেকেই মনে কুমন্ত্রণা দিয়েই যুদ্ধ করে যায়। আর জানেন তো বাংলায় একটি প্রবাদ বাক্য আছে-

''শুধু বনের বাঘে খায়না,
মনের বাঘেও খায়''

অতএব, এমন প্রকাশ্য অদৃশ্য শত্রুকে অদৃশ্য শক্তির নিকটেই সমর্পন করতে হবে।

যেহেতু আমরা মানুষ, আমরা শয়তানকে দেখতে পাই না কিন্তু শয়তান আমাদেরকে দেখতে পায়। আর সেজন্যই শয়তানের বিরুদ্ধে যুদ্ধে বিজয় লাভ সাধারণ মানুষের জন্য অসম্ভব। আর শয়তান আল্লাহকে দেখতে পায় না। কিন্তু আল্লাহ শয়তানকে দেখতে পায়। কাজেই ঐ অভিশপ্ত শয়তানকে আল্লাহর নিকটেই সোপর্দ করতে হবে।

আর শয়তানকে আল্লাহর নিকট সোপর্দ করার একটিই হাতিয়ার, তা হলো ‘‘তা’উজ’’। যেমন আল্লাহ তা’য়ালা বলেন-

اِدْفَعْ بِالَّتِيْ هِيَ اَحْسَنُ السَّيِّئَةَ نَحْنُ اَعْلَمُ بِمَا يَصِفُوْنَ ﴿٩٦﴾ وَ قُلْ رَّبِّ اَعُوْذُ بِكَ مِنْ هَمَزٰتِ الشَّيٰطِيْنِ ﴿٩٧﴾ وَاَعُوْذُ بِكَ رَبِّ اَنْ يَّحْضُرُوْنِ ﴿٩٨﴾

‘‘যা উত্তম তা দিয়ে মন্দকে প্রতিহত কর। তারা যা বলে আমি তা সম্পর্কে অধিক জ্ঞানী। আর বল, হে আমার রব, আমি শয়তানের প্ররোচনা থেকে আপনার কাছে পানাহ চাই। আর, হে আমার রব, আমার কাছে তাদের উপস্থিতি হতে আপনার কাছে পানাহ চাই’’। (সূরহ মুমিনূন, আ: ৯৬-৯৮)

আল্লাহ তা’য়ালা বলেন,

خُذِ الْعَفْوَ وَاْمُرْ بِالْعُرْفِ وَاَعْرِضْ عَنِ الْجٰهِلِيْنَ ﴿١٩٩﴾

‘‘তুমি ক্ষমা প্রদর্শন কর এবং ভালো কাজের আদেশ দাও। আর মূর্খদের থেকে বিমুখ থাক’’। (সূরহ আরাফ, আঃ ১৯৯)

অন্য এক স্থানে আল্লাহ তা’য়ালা বলেন-

وَاِمَّا يَنْزَغَنَّكَ مِنَ الشَّيْطٰنِ نَزْغٌ فَاسْتَعِذْ بِاللّٰهِ ؕ اِنَّهٗ هُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿٣٦﴾

‘‘আর যদি শয়তানের পক্ষ থেকে কোন কুমন্ত্রণা কখনো তোমাকে প্ররোচিত করে, তাহলে তুমি আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা করবে। নিশ্চয়ই তিনি সর্বশ্রোতা সর্বজ্ঞাত’’। (সূরহ হা-মীম সাজদাহ, আঃ ৩৬)

অতএব, এমন ভাবে কুরআন মাজিদের যেখানেই শয়তানের ধোঁকার কথা উল্লেখ হয়েছে, সেখানেই শয়তানের সাথে যুদ্ধের কোন কৌশল আল্লাহ তা’য়ালা শিক্ষা না দিয়ে সরাসরি তাকে আল্লাহর হাতেই উঠিয়ে দেওয়ার

কথা উল্লেখ হয়েছে তথা শয়তান থেকে আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনার কথা বলা হয়েছে।

মহান আল্লাহ তা'য়ালা আমাদেরকে অভিশপ্ত শাইতান হতে হিফাজাত করুন, আমীন।

যেই সকল স্থানে "তাউজ" পাঠ করতে হয়

যেই সকল কথা বা কাজকে শয়তানের ধোঁকা বলে স্পষ্ট হওয়া যাবে এমন সকল কথা বা কাজেই তাউজ পাঠ করতে হবে।

যেমন আল্লাহ তায়ালা বলেন-

وَاِمَّا يَنْزَغَنَّكَ مِنَ الشَّيْطٰنِ نَزْغٌ فَاسْتَعِذْ بِاللّٰهِ ؕ اِنَّهٗ هُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿۳۶﴾

"আর যদি শয়তানের পক্ষ থেকে কোন কুমন্ত্রণা কখনো তোমাকে প্ররোচিত করে, তাহলে তুমি আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা করবে। নিশ্চয়ই তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞাত"। (সূরহ হা-মীম সাজদাহ, আ: ৩৬)

অতএব, শয়তানের ধোঁকার বর্ণনা করে যেমন শেষ নেই; ঠিক তেমনি তাউজ পাঠের নির্দিষ্ট সময়েরই বর্ণনা নেই। তবুও তাউজ পাঠের স্থানটি অতি সহজভাবে বুঝানোর জন্য তাউজ পাঠের কয়েকটি স্থান নিম্নে উল্লেখ করলাম।

- **স্বপ্নে খারাপ কিছু দেখলে**

স্বপ্নে খারাপ কিছু দেখলে একটি নির্দিষ্ট পদ্ধতি অনুযায়ী তাউজ পাঠ করতে হয়। যেমন-

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا لَيْثٌ، ح وَحَدَّثَنَا ابْنُ رُمْحٍ، أَخْبَرَنَا اللَّيْثُ، عَنْ أَبِي، الزُّبَيْرِ عَنْ جَابِرٍ، عَنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم أَنَّهُ قَالَ " إِذَا رَأَى أَحَدُكُمُ الرُّؤْيَا يَكْرَهُهَا فَلْيَبْصُقْ عَنْ يَسَارِهِ ثَلاَثًا وَلْيَسْتَعِذْ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ ثَلاَثًا وَلْيَتَحَوَّلْ عَنْ جَنْبِهِ الَّذِي كَانَ عَلَيْهِ "

হযরত জাবির (রা.) বলেন, নাবী (ﷺ) বলেছেন- যদি তোমাদের কেউ খারাপ স্বপ্ন দেখে, তাহলে তিনবার বাম দিকে থুতু দেবে। আর তিন বার

শয়তান থেকে আল্লাহর কাছে আশ্রয় চাইবে (অর্থাৎ তাউজ পাঠ ধরবে)। আর যে পাশে শুয়েছিল, তা পরিবর্তন করবে। (ছহিহ মুসলিম, ৫৭৯৭)

- **মন্দ রাগের সময়**

রাগ সাধারণ দু'ই প্রকার। ক) কল্যাণকর রাগ এবং খ) অকল্যাণকর রাগ।

[ক] কল্যাণকর রাগের প্রমাণ-

১। আল্লাহর বিধি-নিষেধ বিষয়ে :

حَدَّثَنَا يَسَرَةُ بْنُ صَفْوَانَ، حَدَّثَنَا إِبْرَاهِيمُ، عَنِ الزُّهْرِيِّ، عَنِ الْقَاسِمِ، عَنْ عَائِشَةَ ـ رضى الله عنها ـ قَالَتْ دَخَلَ عَلَىَّ النَّبِيُّ صلى الله عليه وسلم وَفِي الْبَيْتِ قِرَامٌ فِيهِ صُوَرٌ، فَتَلَوَّنَ وَجْهُهُ، ثُمَّ تَنَاوَلَ السِّتْرَ فَهَتَكَهُ، وَقَالَتْ قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم "مِنْ أَشَدِّ النَّاسِ عَذَابًا يَوْمَ الْقِيَامَةِ الَّذِينَ يُصَوِّرُونَ هَذِهِ الصُّوَرَ"

হযরত আয়িশাহ (রাঃ) বলেন, একবার নাবী (ﷺ) আমার নিকট আসলেন। তখন ঘরে একখানা পর্দা ঝুলানো ছিল। যাতে ছবি ছিল। তা দেখে রাগে নাবী (ﷺ)-এর চেহারার রং পরিবর্তিত হয়ে গেল। এরপর তিনি পর্দাখানা হাতে নিয়ে ছিড়ে ফেললেন। আয়িশাহ (রা:) বলেন, নাবী (ﷺ) লোকদের মধ্যে বললেনঃ কিয়ামতের দিন সবচেয়ে কঠিন শাস্তি হবে ঐসব লোকের যারা এসব ছবি অঙ্কন করে। (ছহিহ বুখারী, ৬১০৯)

মাসায়েল (১) : সম্মানিত পাঠক! অধিকাংশ মুসলিম জনসাধারণ সহ আলেম-উলামাদেরকেও দেখা যায়, যারা ক্যামেরায় নিজ ইচ্ছাতেই ছবি (সেলফি) উঠায়, অনেকেই আবার তাদের পরিবারের সকল সদস্যদেরকে নিয়ে ছবি উঠায়। যা গোনাহের কাজ। আর আলেম উলামা সেই গোনাহের কাজকে জায়েয তথা হারামকে হালাল করার জন্য যুক্তিও পেশ করে থাকেন; যা আরো একটি গোনাহ। তাদের যুক্তি- হাদিছে ছবি অঙ্কনকে হারাম করা হয়েছে; ছবি উঠানোকে নয়। ক্যামেরার মাধ্যমে ছবি উঠানো ও কলম দিয়ে ছবি অঙ্কন করা এক বিষয় নয়। অতএব, যারা ছবি কলম দিয়ে

আঁকায় তারাই উপরোক্ত হাদিসের বর্ণিত শাস্তির যোগ্য; যারা ক্যামেরার ছবি উঠায়, তারা নয়। -যা ভুল যুক্তি।

২। ছলাতে রোগী-বৃদ্ধাদের বিবেচনা না করে ছলাত দীর্ঘ করা :

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا يَحْيَى، عَنْ إِسْمَاعِيلَ بْنِ أَبِي خَالِدٍ، حَدَّثَنَا قَيْسُ بْنُ أَبِي حَازِمٍ، عَنْ أَبِي مَسْعُودٍ ـ رضى الله عنه ـ قَالَ أَتَى رَجُلٌ النَّبِيَّ صلى الله عليه وسلم فَقَالَ إِنِّي لأَتَأَخَّرُ عَنْ صَلاَةِ الْغَدَاةِ مِنْ أَجْلِ فُلاَنٍ مِمَّا يُطِيلُ بِنَا قَالَ فَمَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَطُّ أَشَدَّ غَضَبًا فِي مَوْعِظَةٍ مِنْهُ يَوْمَئِذٍ قَالَ فَقَالَ "يَا أَيُّهَا النَّاسُ إِنَّ مِنْكُمْ مُنَفِّرِينَ، فَأَيُّكُمْ مَا صَلَّى بِالنَّاسِ فَلْيَتَجَوَّزْ، فَإِنَّ فِيهِمُ الْمَرِيضَ وَالْكَبِيرَ وَذَا الْحَاجَةِ"

হযরত আবু মাসউদ (রা:) বলেন, এক ব্যক্তি নাবী (ﷺ)-এর কাছে এসে বললেন, অমুক ব্যক্তি ''ছলাত'' দীর্ঘ করে। যে কারণে আমি ফজরের ছলাত থেকে পেছনে থাকি অর্থাৎ জামায়াতে ছলাত পড়তে পারিনা। বর্ণনাকারী বলেন, আমি আল্লাহর রসূল (ﷺ) কে কোনো ওয়াজের মধ্যে সেদিনের চেয়ে অধিক রাগান্বিত হতে দেখিনি। বর্ণনাকারী বলেন, এরপর তিনি বলেন, তোমাদের মধ্যে কেউ কেউ ঘৃণা সৃষ্টিকারী আছে। সুতরাং তোমাদের যে কেউ লোকদের নিয়ে ছলাত আদায় করে, সে যেন সংক্ষেপ করে। কারণ তাদের মধ্যে রোগী, বৃদ্ধ এবং শ্রমিক-মুজুরি লোক থাকে। (ছহিহ বুখারী, ৬১১০)

৩। মাসজিদ অপরিষ্কার করা :

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا جُوَيْرِيَةُ، عَنْ نَافِعٍ، عَنْ عَبْدِ اللَّهِ ـ رضى الله عنه ـ قَالَ بَيْنَا النَّبِيُّ صلى الله عليه وسلم يُصَلِّي رَأَى فِي قِبْلَةِ الْمَسْجِدِ نُخَامَةً، فَحَكَّهَا بِيَدِهِ، فَتَغَيَّظَ ثُمَّ قَالَ "إِنَّ أَحَدَكُمْ إِذَا كَانَ فِي الصَّلاَةِ فَإِنَّ اللَّهَ حِيَالَ وَجْهِهِ، فَلاَ يَتَنَخَّمَنَّ حِيَالَ وَجْهِهِ فِي الصَّلاَةِ"

হযরত আব্দুল্লাহ (রা) বলেন, একবার নাবী (ﷺ) ছলাত আদায় করেন। তখন তিনি মাসজিদের কিবলার দিকে নাকের শ্লেষ্মা

দেখতে পান। এরপর তিনি তা নিজ হাতে খুঁচিয়ে সাফ করলেন এবং রাগান্বিত হয়ে বললেন, তোমাদের কেউ যতক্ষণ ছলাতে থাকে, ততক্ষণ আল্লাহ তার চেহারার সম্মুখে থাকেন। কাজেই ছলাতরত অবস্থায় কখনো সামনের দিকে নাকের শ্লেষ্মা ফেলবে না। (ছহিহ বুখারী, ৬১১১)

৪। অহেতুক অতিরিক্ত প্রশ্ন করা :

يُوسُفُ بْنُ مُوسَى حَدَّثَنَا أَبُو أُسَامَةَ عَنْ بُرَيْدِ بْنِ أَبِي بُرْدَةَ عَنْ أَبِي بُرْدَةَ عَنْ أَبِي مُوسَى الأَشْعَرِيِّ قَالَ سُئِلَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم عَنْ أَشْيَاءَ كَرِهَهَا فَلَمَّا أَكْثَرُوا عَلَيْهِ الْمَسْأَلَةَ غَضِبَ وَقَالَ سَلُونِي فَقَامَ رَجُلٌ فَقَالَ يَا رَسُولَ اللهِ مَنْ أَبِي قَالَ أَبُوكَ حُذَافَةُ ثُمَّ قَامَ آخَرُ فَقَالَ يَا رَسُولَ اللهِ مَنْ أَبِي فَقَالَ أَبُوكَ سَالِمٌ مَوْلَى شَيْبَةَ فَلَمَّا رَأَى عُمَرُ مَا بِوَجْهِ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم مِنَ الْغَضَبِ قَالَ إِنَّا نَتُوبُ إِلَى اللهِ عَزَّ وَجَلَّ

হযরত আবু মূসা আশআরী (রাঃ) বলেন, আল্লাহর রসূল (ﷺ)-কে কতকগুলো বিষয়ে প্রশ্ন করা হলো, যা তিনি অপছন্দ করেন। লোকেরা যখন তাঁকে বেশি বেশি প্রশ্ন করতে লাগল, তিনি রাগান্বিত হলেন এবং বলেন, আমাকে প্রশ্ন করো। তখন এক লোক দাড়িয়ে জিজ্ঞেস করল, হে আল্লাহর রসূল (ﷺ) আমার পিতা কে? তিনি বললেন- তোমার পিতা হুজাফা। এর পর আরেক জন দাঁড়িয়ে জিজ্ঞেস করল, হে আল্লাহর রসূল, আমার পিতা কে? তিনি বললেন, তোমার পিতা শায়বাহর আযাদকৃত গোলাম সালিম। উমার (রাঃ) রসূল (ﷺ)-এর চেহারায় রাগের আলামাত দেখে বলেন, আমরা আল্লাহর কাছে তাওবা করছি। (ছহিহ বুখারী, ৭২৯১)

৫। নফল নিয়ে বাড়াবাড়ি করা :

وَقَالَ الْمَكِّيُّ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ سَعِيدٍ، . وَحَدَّثَنِي مُحَمَّدُ بْنُ زِيَادٍ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ سَعِيدٍ، قَالَ حَدَّثَنِي سَالِمٌ أَبُو النَّضْرِ، مَوْلَى عُمَرَ بْنِ عُبَيْدِ اللَّهِ عَنْ بُسْرِ بْنِ سَعِيدٍ، عَنْ زَيْدِ بْنِ ثَابِتٍ ـ رضى الله عنه ـ قَالَ احْتَجَرَ رَسُولُ

اللَّهِ صلى الله عليه وسلم حُجَيْرَةً مُخَصَّفَةً أَوْ حَصِيرًا، فَخَرَجَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يُصَلِّي فِيهَا، فَتَتَبَّعَ إِلَيْهِ رِجَالٌ وَجَاءُوا يُصَلُّونَ بِصَلاَتِهِ، ثُمَّ جَاءُوا لَيْلَةً فَحَضَرُوا وَأَبْطَأَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عَنْهُمْ، فَلَمْ يَخْرُجْ إِلَيْهِمْ فَرَفَعُوا أَصْوَاتَهُمْ وَحَصَبُوا الْبَابَ، فَخَرَجَ إِلَيْهِمْ مُغْضَبًا فَقَالَ لَهُمْ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَا زَالَ بِكُمْ صَنِيعُكُمْ حَتَّى ظَنَنْتُ أَنَّهُ سَيُكْتَبُ عَلَيْكُمْ، فَعَلَيْكُمْ بِالصَّلاَةِ فِي بُيُوتِكُمْ، فَإِنَّ خَيْرَ صَلاَةِ الْمَرْءِ فِي بَيْتِهِ، إِلاَّ الصَّلاَةَ الْمَكْتُوبَةَ "

হযরত যায়েদ বিন সাবিত (রা:) বলেন, একবার নাবী (ﷺ) খেজুরের পাতা দিয়ে অথবা চাটাই দিয়ে একটি ছোট হুজরা তৈরি করলেন এবং ঘর থেকে বেরিয়ে এসে ঐ হুজরায় (রাতে নফল) ছলাত আদায় করতে লাগলেন। তখন একদল লোক- তাঁর খোঁজে এসে তাঁর সঙ্গে ছলাত আদায় করতে লাগলো। পরবর্তী রাতেও লোকজন সেখানে এসে হাজির হলো। কিন্তু আল্লাহর রসূল (ﷺ) দেরি করেন এবং তাদের দিকে বেরিয়ে এলেন না। তারা উচ্চ স্বরে আওয়াজ দিতে লাগলো এবং ঘরের দরজায় কংকর নিক্ষেপ করল। তখন তিনি রাগান্বিত হয়ে তাদের কাছে বেরিয়ে এসে বলেন, তোমরা যা করছো তাতে আমি ভয় করছি যে, এটি না তোমাদের উপর ফরজ করে দেওয়া হয়। সুতরাং তোমাদের উচিত যে, তোমরা ঘরেই (নফল) ছলাত আদায় করবে। কারণ ফরজ ছাড়া অন্য ছলাত নিজ নিজ ঘরে পড়াই উত্তম। (ছহিহ বুখারী ৬১১৩)

৬। নাবীদের মর্যাদা নিয়ে বিবাদে লিপ্ত হওয়া :

حَدَّثَنَا يَحْيَى بْنُ بُكَيْرٍ عَنْ اللَّيْثِ عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ أَبِي سَلَمَةَ عَنْ عَبْدِ اللهِ بْنِ الْفَضْلِ عَنْ الأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ بَيْنَمَا يَهُودِيٌّ يَعْرِضُ سِلْعَتَهُ أُعْطِيَ بِهَا شَيْئًا كَرِهَهُ فَقَالَ لَا وَالَّذِي اصْطَفَى مُوسَى عَلَى الْبَشَرِ فَسَمِعَهُ رَجُلٌ مِنْ الأَنْصَارِ فَقَامَ فَلَطَمَ وَجْهَهُ وَقَالَ تَقُولُ وَالَّذِي اصْطَفَى مُوسَى عَلَى الْبَشَرِ وَالنَّبِيُّ صلى الله عليه وسلم بَيْنَ أَظْهُرِنَا فَذَهَبَ إِلَيْهِ فَقَالَ أَبَا الْقَاسِمِ إِنَّ لِي ذِمَّةً وَعَهْدًا فَمَا بَالُ فُلَانٍ لَطَمَ وَجْهِي فَقَالَ لِمَ لَطَمْتَ وَجْهَهُ فَذَكَرَهُ فَغَضِبَ النَّبِيُّ صلى الله عليه وسلم حَتَّى

رُئِيَ فِيْ وَجْهِهِ ثُمَّ قَالَ لَا تُفَضِّلُوْا بَيْنَ أَنْبِيَاءِ اللهِ فَإِنَّهُ يُنْفَخُ فِي الصُّوْرِ فَيَصْعَقُ مَنْ فِي السَّمَوَاتِ وَمَنْ فِي الْأَرْضِ إِلَّا مَنْ شَاءَ اللهُ ثُمَّ يُنْفَخُ فِيْهِ أُخْرَى فَأَكُوْنُ أَوَّلَ مَنْ بُعِثَ فَإِذَا مُوْسَى آخِذٌ بِالْعَرْشِ فَلَا أَدْرِيْ أَحُوْسِبَ بِصَعْقَتِهِ يَوْمَ الطُّوْرِ أَمْ بُعِثَ قَبْلِي

হযরত আবু হুরায়রা (রা:) বলেন, একবার এক ইহুদি তার কিছু দ্রব্য সামগ্রী বিক্রির জন্য পেশ করছিল, তার বিনিময়ে তাকে এমন কিছু দেওয়া হলো, যা সে পছন্দ করল না। তখন সে বলল, না! সেই সত্তার কসম যিনি মূসা (আ:)-কে মানব জাতির উপর মর্যাদা দান করেছেন। এ কথাটি একজন আনসারি শুনলেন, তিনি দাঁড়িয়ে গেলেন। আর তার মুখের উপর এক চড় মারলেন। আর বলেন, তুমি বলছ, সেই সত্তার কসম! যিনি মূসাকে মানব জাতির উপর মর্যাদা দান করেছেন, অথচ নাবী (ﷺ) আমাদের মধ্যে অবস্থান করছেন। তখন সে ইহুদি লোকটি নাবী (ﷺ)-এর কাছে গেল। এবং বলল, হে আবুল কাসিম, নিশ্চয়ই আমার জন্য নিরাপত্তা এবং অঙ্গীকার আছে অর্থাৎ আমি একজন জিম্মি। অমুক ব্যক্তি কি কারণে আমার মুখে চড় মারল? তখন নাবী (ﷺ) তাঁকে জিজ্ঞেস করলেন, কেন তুমি তার মুখে চড় মারলে? আনসারী লোকটি ঘটনা বর্ণনা করলেন। তখন নাবী (ﷺ) রাগান্বিত হলেন। এমনকি তাঁর চেহারায় তা দেখা গেল। অতঃপর তিনি বলেন, আল্লাহর নাবীদের মধ্যে কাউকে কারো উপর মর্যাদা দান করো না। কেননা কিয়ামাতের দিন যখন শিঙ্গায় ফুঁক দেওয়া হবে, তখন আল্লাহ যাকে চাইবেন সে ছাড়া আসমান ও জমিনের বাকি সবাই বেহুঁশ হয়ে যাবে। অতঃপর দ্বিতীয়বার তাতে ফুঁক দেওয়া হবে। তখন সর্বপ্রথম আমাকেই উঠানো হবে। তখনই আমি দেখতে পাব মূসা (আ:) আরশ ধরে আছেন। আমি জানিনা তুর পর্বতের ঘটনার দিন তিনি যে বেহুঁশ হয়েছিলেন, এটা কি তারই বিনিময়, নাকি আমার আগেই তাঁকে বেহুঁশি থেকে উঠানো হয়েছে? (ছহিহ বুখারী ৩৪১৪)

৭) জায়েজ বিষয় নিয়ে বাড়াবাড়ি করা :

وَحَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنِ الأَعْمَشِ، عَنْ مُسْلِمٍ، عَنْ مَسْرُوقٍ، عَنْ عَائِشَةَ، قَالَتْ رَخَّصَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فِي أَمْرٍ فَتَنَزَّهَ عَنْهُ نَاسٌ مِنَ النَّاسِ فَبَلَغَ ذَلِكَ النَّبِيَّ صلى الله عليه وسلم فَغَضِبَ حَتَّى بَانَ الْغَضَبُ فِي وَجْهِهِ ثُمَّ قَالَ "مَا بَالُ أَقْوَامٍ يَرْغَبُونَ عَمَّا رُخِّصَ لِي فِيهِ فَوَاللَّهِ لأَنَا أَعْلَمُهُمْ بِاللَّهِ وَأَشَدُّهُمْ لَهُ خَشْيَةً"

হযরত আয়েশা (রা:) বলেন, আল্লাহর রসূল (ﷺ) একটি কাজকে জায়েজ করলেন, অন্য কিছু লোক তা খারাপ মনে করল। একথা নাবী (ﷺ)-এর কাছে পৌঁছালে তিনি রেগে গেলেন! এমনকি তাঁর চেহারায় রাগ প্রকাশ পেল। তখন তিনি বলেন, লোকদের কী হলো যে, আমার জন্য বৈধ একটা কাজে তারা আগ্রহ প্রকাশ করছে না। আল্লাহর শপথ! আমি অবশ্যই আল্লাহ সম্পর্কে তাদের চেয়ে বেশি জানি এবং তাঁকে বেশি ভয় করি। (ছহিহ মুসলিম, ৬০০৫)

৮) উমার রাঃ কর্তৃক অন্যদের শিক্ষা দেওয়ার উদ্দেশ্যে রাগ করা: একদিন উমার রাঃ মহানবী (ﷺ) এর সাহাবীদের বললেন, যে আয়াতটি নাযিল হয়েছে সে ব্যাপারে আপনারা কি ভাবছেন-

اَيَوَدُّ اَحَدُكُمْ اَنْ تَكُوْنَ لَهٗ جَنَّةٌ مِّنْ نَّخِيْلٍ وَّاَعْنَابٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ لَهٗ فِيْهَا مِنْ كُلِّ الثَّمَرٰتِ ۙ وَاَصَابَهُ الْكِبَرُ وَلَهٗ ذُرِّيَّةٌ ضُعَفَآءُ ۖ فَاَصَابَهَآ اِعْصَارٌ فِيْهِ نَارٌ فَاحْتَرَقَتْ ؕ كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمُ الْاٰيٰتِ لَعَلَّكُمْ تَتَفَكَّرُوْنَ ﴿۲۶۶﴾

তোমাদের কেউ কি কামনা করে, তার জন্য আঙুর ও খেজুরের এমন একটি বাগান থাকবে, যার তলদেশ দিয়ে প্রবাহিত হবে নদ-নদী, সেখানে তার জন্য থাকবে সব ধরনের ফল-ফলাদি, আর বার্ধক্য তাকে আক্রান্ত করবে এবং তার জন্য থাকবে দুর্বল সন্তান-সন্ততি। অতঃপর বাগানটিতে আঘাত হানল ঘূর্ণিঝড়, যাতে রয়েছে আগুন, ফলে সেটি জ্বলে গেল? এভাবেই আল্লাহ তোমাদের জন্য আয়াতসমূহ বিশদভাবে বর্ণনা করেন, যাতে তোমরা চিন্তা কর। (সূরহ বাকারহ, আ: ২৬৬)

তারা বললেন, 'আল্লাহ তা'আলা ভালো জানেন।' উমর রাযিয়াল্লাহু আনহু রেগে বললেন, 'বলুন, আমরা জানি অথবা আমরা জানি না।' ইবনে আব্বাস বললেন, 'হে আমীরুল মুমিনীন, এই ব্যাপারে আমার কিছু ধারণা আছে বলে মনে হচ্ছে।' উমর রাযিয়াল্লাহু আনহু বললেন, 'ভাতিজা, বলো এবং নিজেকে ছোট করো না।' ইবনে আব্বাস রাযিয়াল্লাহু আনহু বললেন, 'এটা হচ্ছে কিছু কাজের উপমা।' উমর জিজ্ঞেস করলেন, 'কোন কাজ?' ইবনে আব্বাস বললেন, 'কিছু কাজ।' তখন উমর রাযিয়াল্লাহু আনহু বললেন, 'এটা হচ্ছে একজন ধনী ব্যক্তির উপমা, যে আল্লাহর আনুগত্য করার জন্য খুব চেষ্টা করত। আল্লাহ তারপর তার কাছে শয়তানকে পাঠালেন। তার সব ভালো আমল শেষ না হওয়া পর্যন্ত সে পাপে লিপ্ত ছিল। অন্য বর্ণনা অনুসারে, ইবনে আব্বাস বলেছেন, 'এখানে কৃতকর্মের কথা উল্লেখ করা হয়েছে। আদম সন্তানের বয়স হয়ে গেলে দুনিয়াতে সন্তান-সন্ততি ভরা সংসারের প্রয়োজন বোধ করে। আর আদম সন্তানকে যখন পুনরুত্থিত করা হবে তখন সে নেক আমলের প্রয়োজন বোধ করবে।' উমর বললেন, 'তুমি সঠিক কথাই বলেছ, ভাতিজা। (জীবন ও কর্ম, উমার ইবনুল খাত্তাব, ১ম খন্ড, ১.২.৮ পরিচ্ছেদ -ড. আলী সাল্লাবী, মাকতাবাতুল ফুরকান; আল খিলাফা আর রাশিদা ওয়া আদ-দাওলা আল-উমাউয়িয়া, ড. ইয়াহিয়া আল-ইয়াহিয়া, পৃষ্ঠা ৩০৫)

৯) ভুল সংশোধন ও সতর্ক করানোর জন্য রাগ প্রকাশ:

إِنَّ رَجُلَيْنِ دَخَلا عَلَى عَائِشَةَ فَقَالا: إِنَّ أَبَا هُرَيْرَةَ يُحَدِّثُ أَنَّ نَبِيَّ اللَّهِ ﷺ كَانَ يَقُولُ: إِنَّمَا الطِّيَرَةُ فِي الْمَرْأَةِ وَالدَّابَّةِ وَالدَّارِ. قَالَ: فَطَارَتْ شِقَّةٌ مِنْهَا فِي السَّمَاءِ وَشِقَّةٌ فِي الأَرْضِ! وفي رواية: فَغَضِبَتْ غَضَبًا شَدِيدًا فَطَارَتْ شُقَّةٌ مِنْهَا فِي السَّمَاءِ وَشُقَّةٌ فِي الأَرْضِ! فَقَالَتْ: وَالَّذِي أَنْزَلَ الْقُرْآنَ عَلَى أَبِي الْقَاسِمِ ﷺ مَا هَكَذَا كَانَ يَقُولُ، وَلَكِنَّ نَبِيَّ اللَّهِ ﷺ كان يَقُولُ: "كَانَ أَهْلُ الْجَاهِلِيَّةِ يَقُولُونَ الطِّيَرَةُ فِي الْمَرْأَةِ وَالدَّارِ

وَالدَّابَّةِ". ثُمَّ قَرَأَتْ عَائِشَةُ: مَا أَصَابَ مِنْ مُصِيبَةٍ فِي الْأَرْضِ وَلا فِي أَنْفُسِكُمْ إِلا فِي كِتَابٍ

আবু হাস্সান আল-আ'রাজ নামক তাবিয়ী বলেন: "দুই ব্যক্তি আয়েশা (রা) -এর কাছে গমন করে বলেন: আবু হুরাইরা (রা) বলছেন যে, নাবীউল্লাহ (ﷺ) বলেছেন: নারী, পশু বা বাহন ও বাড়ি-ঘরের মধ্যে অযাত্রা ও অশুভত্ব আছে। একথা শুনে আয়েশা (রা) এত বেশি রাগন্বিত হন যে, মনে হলো তাঁর দেহ ক্রোধে ছিন্নভিন্ন হয়ে আকাশে বাতাসে ছড়িয়ে পড়ল। তিনি বলেন: আবুল কাসিম (ﷺ)-এর উপর যিনি কুরআন নাযিল করেছেন তাঁর কসম, তিনি এভাবে বলতেন না। নাবীউল্লাহ (ﷺ) বলতেন: "জাহিলিয়্যাতের যুগের মানুষেরা বলত: নারী, বাড়ি ও পশু বা বাহনে অশুভত্ব আছে। এরপর আয়েশা (রা) কুরআন কারীমের আয়াত তিলাওয়াত করেন: "পৃথিবীতে অথবা ব্যক্তিগতভাবে তোমাদিগের উপর যে বিপর্যয় আসে আমি তা সংঘটিত করবার পূর্বেই তা লিপিবদ্ধ থাকে।" (মুসনাদে আহমাদ ৬/১৫০, পৃষ্ঠাঃ ২৪৬; এখানে আয়েশা (রা) আবু হুরাইরা (রা) এর বর্ণনা গ্রহণ করেননি। তিনি রাসূলুল্লাহ (ﷺ) থেকে যা শুনেছেন এবং কুরআনের যে আয়াত পাঠ করেছেন তার আলোকে এ বর্ণনা প্রত্যাখ্যান করেছেন।)

অতএব, উম্মাতের কল্যাণের অথবা ছাত্রের কল্যাণের অথবা অনুসারীদের কল্যাণের জন্য শারীয়াতসম্মত রাগ বৈধ। তথা যেই সকল রাগ দ্বারা হারাম কাজ সংঘটিত হয়না, অশ্লীল বাক্য ব্যবহার হয় না সেই সকল রাগ বৈধ।

[খ] অকল্যাণকর রাগ-

যেই রাগ দ্বারা অশ্লীল বাক্য ব্যবহার হয়, হারাম কাজ সংঘটিত হয়, সেই রাগটিই হলো- অকল্যাণকর রাগ। এই রাগ সম্পর্কে বর্ণিত হাদিছ-

حدثني يحيى بن يوسف، أخبرنا أبو بكر ـ هو ابن عياش ـ عن أبي حصين، عن أبي صالح، عن أبي هريرة ـ رضى الله عنه ـ أن رجلا، قال للنبي صلى الله عليه وسلم أوصني. قال "لا تغضب". فردد مرارا، قال "لا تغضب"

এক ব্যক্তি নাবী (ﷺ) কে বললেন, আপনি আমাকে অসিয়ত করুন। তিনি বললেন- ‘‘তুমি রাগ করোনা’’। ঐ ব্যক্তি কয়েকবার তা বললেন, নাবী (ﷺ) প্রতিবারই বললেন- ‘‘রাগ করোনা’’। (ছহিহ বুখারী, ৫৬৮৬)

অন্য এক বর্ণনায়-

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ يُوسُفَ، أَخْبَرَنَا مَالِكٌ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ، عَنْ أَبِي هُرَيْرَةَ ـ رضى الله عنه ـ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " لَيْسَ الشَّدِيدُ بِالصُّرَعَةِ، إِنَّمَا الشَّدِيدُ الَّذِي يَمْلِكُ نَفْسَهُ عِنْدَ الْغَضَبِ"

নাবী (ﷺ) একবার সাহাবীদের জিজ্ঞেস করলেন, ‘‘তোমাদের মধ্যে কাকে তোমরা অধিক শক্তিশালী মনে করো’’? তাঁরা উত্তর দিলেন, যে ব্যক্তি কুস্তিতে অন্যকে হারিয়ে দিতে পারে। নাবী করীম (ﷺ) বললেন- ‘‘সে প্রকৃত বীর নয় যে কাউকে কুস্তিতে হারিয়ে দেয় এবং সে-ই প্রকৃত বীর যে, ক্রোধের সময় নিজেকে নিয়ন্ত্রণ করতে সক্ষম হয়’’। (ছহিহ বুখারী, ৫৬৮৪)

উপরে উল্লেখিত হারাম রাগের সময় তাউজ পাঠ করতে হবে।

- **মনের মধ্যে শয়তান কুমন্ত্রণা দিলে**

অভিশপ্ত শয়তান কুমন্ত্রণা দিলে তাউজ পাঠ করতে হয়। আল্লাহ তা’য়ালা বলেন-

وَاِمَّا يَنْزَغَنَّكَ مِنَ الشَّيْطٰنِ نَزْغٌ فَاسْتَعِذْ بِاللّٰهِ ؕ اِنَّهٗ هُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿۳۶﴾

‘‘আর যদি শয়তানের পক্ষ থেকে কোন কুমন্ত্রণা কখনো তোমাকে ধোঁকায় ফেলে, তাহলে তুমি আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা করবে। নিশ্চয়ই তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞাত’’। (সূরহ হা-মীম সাজদাহ, আঃ ৩৬)

- **ছলাতে শয়তান কুমন্ত্রণা দিলে**

حَدَّثَنَا يَحْيَى بْنُ خَلَفٍ الْبَاهِلِيُّ، حَدَّثَنَا عَبْدُ الأَعْلَى، عَنْ سَعِيدٍ الْجُرَيْرِيِّ، عَنْ أَبِي، الْعَلاَءِ أَنَّ عُثْمَانَ بْنَ أَبِي الْعَاصِ، أَتَى النَّبِيَّ صلى الله عليه وسلم فَقَالَ يَا رَسُولَ اللَّهِ إِنَّ الشَّيْطَانَ قَدْ حَالَ بَيْنِي وَبَيْنَ صَلاَتِي وَقِرَاءَتِي يَلْبِسُهَا عَلَىَّ. فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " ذَاكَ شَيْطَانٌ يُقَالُ لَهُ خِنْزِبٌ فَإِذَا أَحْسَسْتَهُ فَتَعَوَّذْ بِاللَّهِ مِنْهُ وَا تْفِلْ عَلَى يَسَارِكَ ثَلاَثًا " . قَالَ فَفَعَلْتُ ذَلِكَ فَأَذْهَبَهُ اللَّهُ عَنِّي

হযরত উসমান বিন আবুল আস (রাঃ) নাবী (ﷺ) কে বললেন, হে আল্লাহর রসূল (ﷺ)! শয়তান আমার মধ্যে এবং আমার নামাজ ও কিরাতের মধ্যে অন্তরায় হয়ে আমার কিরাতে জটিলতা সৃষ্টি করে। তখন রসূল (ﷺ) বললেন- এ হচ্ছে শয়তান, যাকে ‘‘খানযাব’’ বলা হয়। তুমি তার আগমন অনুভব করলে অল্লাহর নিকট তিন বার আশ্রয় প্রার্থনা করবে (অর্থাৎ আউজু বিল্লাহি মিনাশ শাইত্বনির রজীম পাঠ করবে) এবং বাম দিকে তিনবার থুতু ফেলবে। উসমান (রাঃ) বলেন- এরপর থেকে আমি এমনটি করি। ফলে আল্লাহ তাকে আমার কাছ থেকে দূরে সরিয়ে দেন। (সহিহ মুসলিম, হা ২২০৩)

- **কুরআন মাজিদ তিলাওয়াতের শুরুতে**

মহান আল্লাহ তায়ালার স্পষ্ট বানী এই যে,

فَاِذَا قَرَاْتَ الْقُرْاٰنَ فَاسْتَعِذْ بِاللّٰهِ مِنَ الشَّيْطٰنِ الرَّجِيْمِ ﴿۹۸﴾

‘‘তোমরা কুরআন পাঠের সময় বিতারিত শাইতান হতে আল্লাহর আশ্রয় প্রার্থনা করো’’। (সূরহ নাহল, আঃ ৯৮)

سورة অর্থাৎ সূরহ যার অর্থ পৃথকীকরণ ও উচ্চতা। যেহেতু কুরআন মাজিদের এক অধ্যায় থেকে আরেক অধ্যায়ে স্থানান্তর হয় বা পৃথক-ভাবে পরিবর্তন করা হয়, তাই তাকে সূরহ বা পৃথকীকরণ বলা হয়।

প্রিয় পাঠক প্রায় সকল তাফসীরেই সূরহ শব্দের বিস্তারিত ব্যাখ্যা দেওয়া রয়েছে; কাজেই অত্র কিতাবে সূরহ এর বিস্তারিত আলোচনা না করে খুবই সংক্ষেপে সূরহ এর অর্থ তুলে ধরলাম। এই কিতাবটিতে সূরহ এর মতো যতগুলো বিষয় আসবে, যা অন্যান্য তাফসীর গ্রন্থে বিস্তারিত দেওয়া আছে এবং তা নিয়ে মতবিরোধ নেই। এমন প্রায় সকল বিষয়কেই সংক্ষেপে উল্লেখ করার চেষ্টা করবো ইনশা আল্লাহ।

"সূরহ মুহাম্মাদ, মাদানী"

[সূরহটির আয়াত সংখ্যা ৩৮, রুকু ৪
এটি কুরআন মাজিদ এর ৪৭ নং সূরহ]

▪ নামকরণ :

এই সূরহটির দুই নং আয়াতের "وَاٰمَنُوْا بِمَا نُزِّلَ عَلٰى مُحَمَّدٍ وَّهُوَ الْحَقُّ مِنْ رَّبِّهِمْ" অর্থ- "এবং মুহাম্মাদের প্রতি যা নাযিল করা হয়েছে তাতে বিশ্বাস স্থাপন করেছে আর তা তাদের রবের পক্ষ হতে সত্য"। অর্থাৎ সুরহ মুহাম্মাদের ২নং আয়াতের মধ্যমাংশের "مُحَمَّدٍ" শব্দটিকে নামকরণ করা হয়েছে। যার অর্থ আল্লাহর নাবী মুহাম্মাদ (ﷺ)।

সূরহ টিকে আবার "সূরহ আল-ক্বিতাল" ও বলা হয়। যা অত্র সূরহ এর ২০ নং আয়াতের- "فَاِذَآ اُنْزِلَتْ سُوْرَةٌ مُّحْكَمَةٌ وَّذُكِرَ فِيْهَا الْقِتَالُ"। অর্থ- "অতঃপর যখন দ্ব্যর্থহীন কোন সুস্পষ্ট সূরা নাযিল করা হয় এবং তাতে সশস্ত্র যুদ্ধের উল্লেখ থাকে", অর্থাৎ অত্র আয়াতের "الْقِتَالُ" (কিতাল) অর্থ "সশস্ত্র যুদ্ধ" শব্দটিকে নামকরণ করা হয়েছে।

এটা এজন্য যে, মক্কার কাফেরদের পক্ষ থেকে মুসলিমদের উপর এতটাই যুলুম নির্যাতন, নির্মম অত্যাচার বৃদ্ধি পেয়েছিল, যার ফলে প্রিয় মক্কার ঘর-বাড়ি জনপদ ছেঁড়ে মুসলমানকে মাদিনায় হিজরত করতে হয়েছিল। আর এই হিজরত এতটাই প্রাণব্যাথার বিষয় ছিলো যা হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) এর বর্ণিত নিম্নের হাদিছ টি দ্বারাই বুঝা যায়।

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ عُقَيْلٍ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَدِيِّ بْنِ حَمْرَاءَ الزُّهْرِيِّ، قَالَ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم وَاقِفًا عَلَى الْحَزْوَرَةِ فَقَالَ "وَاللَّهِ إِنَّكِ لَخَيْرُ أَرْضِ اللَّهِ وَأَحَبُّ أَرْضِ اللَّهِ إِلَى اللَّهِ وَلَوْلاَ أَنِّي أُخْرِجْتُ مِنْكِ مَا خَرَجْتُ"

তিনি বলেন, যখন আল্লাহর রসূল (ﷺ) হিজরতের উদ্দেশ্যে মক্কা থেকে বের হয়েছিলেন এবং মক্কার জনবসতি ও বায়তুল্লাহর দিকে তাকিয়ে বলেছিলেন- হে মাক্কা নগরী! জগতের সমস্ত নগরের মধ্যে তুমিই আমার

কাছে প্রিয়। যদি মাক্কার অধিবাসীরা আমাকে এখান থেকে বহিষ্কার না করত, তবে আমি স্বেচ্ছায় আনন্দে কখনোও তোমাকে ত্যাগ করতাম না। (তিরমিযী ৩৯২৫)

অতএব, যখন মনে অতি কষ্ট নিয়ে মক্কার মতো এত উত্তম জনপদ ত্যাগ করে অপরিচিত মাদিনাতে গেলেন, তখন মহান আল্লাহ তা'য়ালা ঐ সকল জালিম, অত্যাচারী, কাফের-মুশরিকদের বিরুদ্ধে মুসলিমদেরকে অত্র সূরহটির মাধ্যমে "সশস্ত্র যুদ্ধের'' শিক্ষা দিলেন। নির্যাতিত মুসলিমদেরকে আল্লাহ তা'য়ালা জানিয়ে দিলেন- ঐ সকল স্বৈরাচার, জালিম কাফের-মুশরিক ও তাদের অনুসারীদের আল্লাহর জমীনে নেতৃত্বের আসনে বসে থাকতে দেওয়া তো দূরের কথা তাদেরকে গ্রাম অঞ্চলের তথা মাতব্বর/প্রামাণিক পদেও রাখা যাবে না। আর এটা গণতান্ত্রিক নির্বাচন করে তাদেরকে অপসরণ করা যাবে না, কুরআন হাদিছের ছহিহ তাওহীদের দাওয়াত দিয়ে অপসারণ করা যাবে না। যিকির করে যিকিরের তাজাল্লিতে তাদের অন্তর পরিষ্কার করে তাদেরকে অপসারণ করা যাবে না; এমন কি জায়নামাজ-তসবিহ, লাঠি-ইট-পাটকেল দিয়ে মিছিল-মিটিং করেও তাদেরকে অপসারণ করা যাবে না। তাদেরকে অপসারণ করার একটিই মাধ্যম, তা হলো- ''কিতা-ল বা সশস্ত্র যুদ্ধ'' আর অত্র সূরহ টিতে মহান আল্লাহ তা'য়ালা সেই শিক্ষাই মুসলিমদেরকে দিয়েছেন। যে কারণে অত্র সূরহটির ২য় নামটি হলো "কিতা-ল বা সশস্ত্র যুদ্ধ"

▪ নাযিলের সময় কাল :

সূরহটির বিষয় বস্তু সাক্ষ্য দেয় যে, সূরহটি হিজরতের পরে এমন এক সময় মাদিনায় নাযিল হয়েছিল, যখন সশস্ত্র যুদ্ধ করার নির্দেশ হয়েছিল, কিন্তু তখনও যুদ্ধ শুরু হয়নি।

▪ ঐতিহাসিক পটভূমি :

সাইয়্যিদ আবুল আ'লা মাওদূদী (রহিঃ) তাঁর 'তাফসিরে তাফহিমুল কুরআনে' সূরহ মুহাম্মাদ এর ঐতিহাসিক পটভূমিতে উল্লেখ করেন- যে

সময়ে এ সূরহটি নাযিল হয়েছিল সে সময়ের পরিস্থিতি ছিল এই যে, বিশেষ করে মক্কা নগরীতে এবং সাধারণ ভাবে গোটা আরব ভূমির সর্বত্র মুসলমানদেরকে জুলুম-নির্যাতনের লক্ষ্যস্থল বানানো হয়েছিল। এবং তাদের জীবন অত্যন্ত দুর্বিসহ করে দেয়া হয়েছিল।

মুসলমানগণ সমস্ত অঞ্চল থেকে এসে মাদিনার নিরাপদ স্থানে জড়ো হয়েছিল। কিন্তু কুরাইশ গোত্রের কাফেররা এখানেও তাদেরকে শান্তিতে থাকতে দিতে প্রস্তুত ছিল না। মাদিনার ক্ষুদ্র জনপদটি চারদিক থেকেই কাফেরদের দ্বারা অবরুদ্ধ হয়েছিল। তারা এটিকে নিশ্চিহ্ন করে ফেলার জন্য বদ্ধপরিকর ছিল। এ পরিস্থিতিতে মুসলমানদের জন্য মাত্র দুটি পথই খোলা ছিল। হয় তারা দ্বীনে হকের দাওয়াত ও তাবলীগের কাজই শুধু নয় বরং আনুগত্য ও অনুসরণ পরিত্যাগ করে জাহিলিয়াতের কাছে আত্মসমর্পণ করবে। নয়তো জীবন বাজি রেখে প্রাণপণে লড়াই তথা সশস্ত্রযুদ্ধ করবে এবং চিরদিনের জন্য এ বিষয়ের ফায়সালা করে দিবে যে, আরবের মাটিতে ইসলাম থাকবে? নাকি জাহিলিয়াত থাকবে? এ ক্ষেত্রে আল্লাহ তা'য়ালা মুসলমানদেরকে দৃঢ় সংকল্পের পথ দেখিয়েছেন যেটি ঈমানদারদের একমাত্র পথ। আর তা হলো মহান আল্লাহ তায়ালা বলেন-

أُذِنَ لِلَّذِيْنَ يُقٰتَلُوْنَ بِاَنَّهُمْ ظُلِمُوْا ؕ وَاِنَّ اللّٰهَ عَلٰى نَصْرِهِمْ لَقَدِيْرُ ۙ﴿۳۹﴾

'সশস্ত্র যুদ্ধের অনুমতি দেয়া হল তাদেরকে, যাদেরকে আক্রমণ করা হচ্ছে। কারণ তাদের উপর নির্যাতন করা হয়েছে। নিশ্চয় আল্লাহ তাদেরকে বিজয় দানে সক্ষম' (সূরহ হাজ্ব, আ: ৩৯)।

মহান আল্লাহ তা'য়ালা প্রথমে মুসলমানদেরকে সশস্ত্রযুদ্ধের অনুমতি দেন, তারপর সূরহ বাকারহ এর ১৯০ নং আয়াতে আল্লাহ তা'য়ালা বলেন-

وَقَاتِلُوْا فِىْ سَبِيْلِ اللّٰهِ الَّذِيْنَ يُقَاتِلُوْنَكُمْ وَلَا تَعْتَدُوْا ؕ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ الْمُعْتَدِيْنَ ﴿۱۹۰﴾

'আর তোমরা আল্লাহর রাস্তায় তাদের বিরুদ্ধে সশস্ত্র যুদ্ধ কর, যারা তোমাদের বিরুদ্ধে সশস্ত্র যুদ্ধ করে এবং সীমালঙ্ঘন করো না। নিশ্চয় আল্লাহ সীমালঙ্ঘনকারীদেরকে পছন্দ করেন না'।

অর্থাৎ এই আয়াতে আল্লাহ তা'য়ালা মুসলমানদেরকে সশস্ত্র যুদ্ধের নির্দেশ দেন। কিন্তু সে সময় সবাই জানতো যে, এ পরিস্থিতিতে যুদ্ধের অর্থ কি?

মাদিনার ঈমানদারদের একটি ক্ষুদ্র দল ছিল যার যুদ্ধ করার মতো পুরো এক হাজার সশস্ত্র যোদ্ধাও সংগ্রহ করার সামর্থও ছিল না। অথচ তাদেরকেই তরবারি নিয়ে সমগ্র আরবের জাহিলিয়াতের বিরুদ্ধে সশস্ত্র যুদ্ধে লিপ্ত হওয়ার জন্য বলা হচ্ছে। তাছাড়া যে জনপদে আশ্রয়হীন ও সহায় সম্বলহীন শত শত মুহাজির এখনো পুরোপুরি পুনর্বাসিত হতে পারেনি, আরবের অধিবাসীরা চারদিক থেকে আর্থিক বয়কটের মাধ্যমে যার মেরুদন্ড ভেঙ্গে দিয়েছিল এবং অভুক্ত থেকে যুদ্ধের প্রয়োজনীয় সাজ-সরঞ্জাম সংগ্রহ করাও যার পক্ষে কঠিন ছিল এখন তাকেই লড়াই করার নির্দেশ দেয়া হচ্ছে।

অতএব, যুদ্ধের পরিবেশ যেমনই হোক না কেন, মহান আল্লাহর নির্দেশ এবং কিতাল বা সশস্ত্র যুদ্ধের নিয়ম শেখার মাধ্যমে বাতিলের বিরুদ্ধে মুসলমানদের সশস্ত্র যুদ্ধ করতে হবে। এটিই সূরহ মুহাম্মাদ এর ঐতিহাসিক পটভূমি। আর হয়েছেও তাই।

তাসমিয়া

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ

তথা- বিসমিল্লাহির রহমানির রহীম

অর্থ: আল্লাহর নামে শুরু করছি যিনি পরম করুণাময়, অতি দয়ালু।

প্রিয় পাঠক! যেহেতু "بِسْمِ اللهِ" এর তাফসির প্রায় সকল তাফসির গ্রন্থেই একই রকমভাবে করা হয়েছে। কাজেই আমি সরাসরি বিসমিল্লাহ এর সংক্ষেপে আলোচনা শুরু করছি।

ইমাম ইবনে কাসীর (রহিঃ) বলেন-

قال الإمام ابن كثير رحمه الله :وقد أجمع العلماء على أن بسم الله الرحمن الرحيم آية من كتاب الله في سورة النمل، وأن الصحابة رضي الله عنهم كانوا يفتتحون قراءة كتاب الله ببسم الله الرحمن الرحيم.

সকল সাহাবী (রাঃ) আল্লাহর কিতাব কুরআন মাজিদকে তিলাওয়াত করা "بِسْمِ اللهِ" দ্বারাই শুরু করেছেন। আলেমগণ এ বিষয়ে একমত যে, সূরহ নামল এর এটা একটি আয়াত। (তাফসীরে ইবনে কাসীর, সূরা আন-নামল (২৭), আয়াত ৩০-এর তাফসীর)

তবে 'বিসমিল্লাহ' সূরহ তাওবা বা বারাআত ব্যতীত প্রত্যেক সূরহকে এক সূরহ হতে অন্য সূরহকে পৃথক করার একটি আয়াত।

সুনানে আবু দাউদে সহিহ সনদে বর্ণিত আছে-

قَالَ فَتَيْبَةُ فِيهِ عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم لاَ يَعْرِفُ فَصْلَ السُّورَةِ حَتَّى تُنَزَّلَ عَلَيْهِ (بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ) . وَهَذَا لَفْظُ ابْنِ السَّرْحِ.

হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) বলেন, আল্লাহর রসূল (ﷺ) এই বিসমিল্লাহির রহমানির রহীম অবতীর্ণ হওয়ার পূর্বে এক সূরহকে অন্য সূরহ হতে অনায়াসে পৃথক করতে পারতেন না। (সুনান আবূ দাউদ, ইসলামিক ফাউন্ডেশন নং ৭৮৮)

"بِسْمِ اللّٰهِ" এর ফাযিলাত

ইমাম ইবনে কাসির (রহি:) বলেন- তাফসীর-ই-ইবনে আবি হাতিমে রয়েছে যে, হযরত উসমান বিন আফফান (রা:) আল্লাহর রসূল (ﷺ)-কে বিসমিল্লাহ সম্পর্কে জিজ্ঞেস করেছিলেন। তখন তিনি উত্তরে বলেছিলেন, এতো আল্লাহ তা'য়ালার নাম। আল্লাহর বড় নাম এবং বিসমিল্লাহ এর মধ্যে এতদূর নৈকট্য রয়েছে যেমন রয়েছে চক্ষুর কালো অংশ ও সাদা অংশের মধ্যে।

ইবনে মরদুওয়াই এর তাফসীরে রয়েছে যে, আল্লাহর রসূল (ﷺ) বলেছেন, আমার উপর এমন একটি আয়াত নাযিল করা হয়েছে যার মতো আয়াত হররত সুলাইমান ছাড়া অন্য কোন নাবীর উপর নাযিল করা হয়নি। আয়াতটি হলো- "بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيم"।

হযরত জাবির (রা:) বর্ণনা করেন যে, যখন এই আয়াতটি নাযিল হয় তখন পূর্ব দিকে বৃষ্টি বন্ধ হয়ে যায়, বায়ুমন্ডলী স্তব্দ হয়ে যায়, তরঙ্গ বিক্ষুব্ধ সমুদ্র প্রশান্ত হয়ে উঠে, জন্তুগুলো কান লাগিয়ে মনোযোগ দিয়ে শুনতে থাকে, আকাশ থেকে অগ্নিশিখা নিক্ষিপ্ত হয়ে শয়তানকে তাড়াতে থাকে এবং বিশ্ব প্রতিপালক স্বীয় সম্মান ও মর্যাদার কসম করে বলতে বলেন- যে (হালাল) জিনিসের উপর আমার এ নাম নেওয়া যাবে, তাতে অবশ্যই বরকত হবে।

وقال ابن مسعود :من أراد أن ينجو من الزبانية التسعة عشر فليقرأ ﴿بِسْمِ اللَّهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ﴾ فإنها تسعة عشر حرفًا، يجعل اللهُ كلَّ حرفٍ منها جُنَّةً من كلِّ واحدٍ منهم.

হযরত ইবনে মাসউদ (রাঃ) বলেন, জাহান্নামের ১৯ টি দারোগার হাত থেকে যে বাঁচতে চায়, সে যেন "بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيم" পাঠ করে।
এতেও রয়েছে ১৯টি অক্ষরের সমাবেশ। প্রত্যেকটি অক্ষর প্রত্যেক ফেরেস্তার জন্য রক্ষক হিসেবে কাজ করবে। (তাফসীরে ইবনে কাসির, ১ম খণ্ড, পৃষ্ঠা: ৭৭-৭৮)

মূল আলোচনা শুরু

হক ও বাতিলের পরিচয়

▪ আয়াত-১

আল্লাহ তা'য়ালা বলেন,

اَلَّذِيْنَ كَفَرُوْا وَصَدُّوْا عَنْ سَبِيْلِ اللّٰهِ اَضَلَّ اَعْمَالَهُمْ ﴿١﴾

যারা কুফুরী[১] করেছে এবং আল্লাহর পথে[২] বাঁধা দান করেছে[৩], তিনি তাদের সকল আমল ব্যর্থ করে দিয়েছেন।

আলোচনা :

উল্লেখিত আয়াতটিতে মহান আল্লাহ তায়ালা মানব জাতির সবচেয়ে বড় দুটি ক্ষতির কথা উল্লেখ করেছেন- মানবজাতির বড় ক্ষতি দুটি হলো- ১। আল্লাহর সাথে কুফরী করা, ২। আল্লাহর পথে বাঁধা দান করা।

এখানে ক্ষতির দুই বিষয় প্রায় একই। যারা আল্লাহকে অস্বীকার করে তথা কুফরী করে, তারাই আল্লাহর পথে মানুষকে বাঁধা দান করে; আর যারা আল্লাহর পথে মানুষকে বাঁধা দান করে, তারাও আল্লাহকে অস্বীকার করার কারণেই আল্লাহর পথে বাঁধা দান করে।

এ প্রসঙ্গে আল্লাহ তা'য়ালা বলেন-

يُرِيْدُوْنَ لِيُطْفِـُٔوْا نُوْرَ اللّٰهِ بِاَفْوَاهِهِمْ وَاللّٰهُ مُتِمُّ نُوْرِهٖ وَلَوْ كَرِهَ الْكٰفِرُوْنَ ﴿٨﴾

তারা তাদের মুখের ফুঁৎকারে আল্লাহর নূর তথা ইসলাম (আল্লাহর পথ)-কে নিভিয়ে (বাঁধা) দিতে চায়, কিন্তু আল্লাহ তাঁর নূরকে পূর্ণতা দানকারী। যদিও কাফিররা তা অপছন্দ করে। (সূরহ ছফ, আ: ৮)

টিকা-১: কুফরী তথা যারা কালিমাতুত তাওহীদ ও কালিমাতুর রিসালাহ, এই দুই কালিমার যেকোন একটি অথবা উভয় কালিমাকে কর্ম দ্বারা, মুখে প্রকাশ দ্বারা অথবা অন্তর দ্বারা অবিশ্বাস, অস্বীকার, অস্বীকৃতি অথবা অমান্য করে এবং যারা ইসলাম ব্যতীত অন্য কোন ধর্ম বিশ্বাস করে। এবং যে মুহাম্মাদ ﷺ কে শেষ নাবী ও রসূল মনে করে না সেও কাফের।

প্রশ্ন : আমরা তো আল্লাহর দ্বীনের সাহায্যের মধ্যেই রয়েছি। ছলাত-ছিয়াম পালন করি, যাকাত প্রদান করি এবং দান-ছদাকাহ করে থাকি। এর চেয়ে আর কী ভাবে আল্লাহর দ্বীনের সাহায্যকারী হবো?

উত্তর : সাধারণ শ্রেণীর ঈমানদার মানুষের মূল সমস্যাই হলো এখনে। তারা মনে করে যে ছলাত-ছিয়াম, হাজ্জ-যাকাত বা দান-ছদাকাহ করলেই আল্লাহর দ্বীন পালন করা হয়ে যায় বা আল্লাহর দ্বীনের সাহায্য করা হয়ে যায়। মূলত এটা তাদের নিজেদেরই মনগড়া/তৈরী করা একটি বুঝ। যার সাথে কুরআন-সুন্নাহের কোনো মিল নেই। কারণ ছলাত-ছিয়াম, হজ্জ-যাকাত পালন করা আল্লাহর দ্বীনের কোনো সাহায্য করা নয় বরং তা বান্দা হিসেবে নিজেদের উপরেই দায়িত্ব।

প্রকৃতপক্ষে আল্লাহর দ্বীনের সাহায্য করা হলো আল্লাহর জমিনে আল্লাহর দ্বীনকে প্রতিষ্ঠার জন্য আমীরুল মুজাহিদীনকে সার্বিকভাবে সহযোগিতা করা। যেমন আল্লাহ তা'য়ালা বলেন,

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُوْنُوْٓا اَنْصَارَ اللّٰهِ كَمَا قَالَ عِيْسَى ابْنُ مَرْيَمَ لِلْحَوَارِيّٖنَ مَنْ اَنْصَارِيْٓ اِلَى اللّٰهِ ؕ قَالَ الْحَوَارِيُّوْنَ نَحْنُ اَنْصَارُ اللّٰهِ

হে মুমিনগণ! তোমরা আল্লাহর সাহায্যকারী হও। যেমন মারিয়াম পুত্র ঈসা হাওয়ারীগণকে বলেছিলো, আল্লাহর পথে কারা আমার সাহায্যকারী হবে? হাওয়ারীগণ বলল, আমরাই আল্লাহর সাহায্যকারী। (সূরহ ছফ, আ: ১৪)

অতএব, আল্লাহর জমিনে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠা করাই ঈমানদারগণের একমাত্র লক্ষ্য হতে হবে। কারণ, আল্লাহর জমিনে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠার লক্ষ্যেই মহান আল্লাহ তা'য়ালা তার রসূল মুহাম্মাদ (ﷺ) কে পাঠিয়েছেন।

আল্লাহ তা'য়ালা বলেন,

هُوَ الَّذِيْٓ اَرْسَلَ رَسُوْلَهٗ بِالْهُدٰى وَ دِيْنِ الْحَقِّ لِيُظْهِرَهٗ عَلَى الدِّيْنِ كُلِّهٖ وَ لَوْ كَرِهَ الْمُشْرِكُوْنَ ﴿۹﴾

তিনিই তার রসূলকে হিদায়াত ও সত্য দ্বীন দিয়ে প্রেরণ করেছেন, যাতে তিনি সকল (বাতিল) দ্বীনের উপর তা বিজয়ী করেন। যদিও মুশরিকরা তা অপছন্দ করে। (সূরহ ছফ, আ: ৯)

সুতরাং, আল্লাহর রসূল (ﷺ) এর লক্ষ্য ছিলো আল্লাহর জমিনে আল্লাহর দ্বীনকে প্রতিষ্ঠা করা এবং সকল বাতিল দ্বীনকে পরাজিত করা।

কাজেই আল্লাহর রসূল (ﷺ) এর উম্মাত হিসেবে প্রত্যেক মু'মিন বান্দাদের একমাত্র লক্ষ্য হতে হবে আল্লাহর জমিনে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠা করার প্রচেষ্টা করা। এই লক্ষ্যকে সামনে রেখেই আমীরুল মুজাহিদীনকে সার্বিকভাবে সাহায্য করাই হলো আল্লাহর দ্বীনের সাহায্য করা। অর্থাৎ আল্লাহকে সাহায্য করা।

[৩]

আল্লাহর পক্ষ হতে সাহায্যপ্রাপ্ত হওয়া : আলোচ্য আয়াতে মহান আল্লাহ তা'য়ালা তার পক্ষ হতে সাহায্যপ্রাপ্ত হওয়ার ক্ষেত্রে দুইটি শর্ত উল্লেখ করেছেন।

(ক) মু'মিন হওয়া।

(খ) আল্লাহর সহায্যকারী হওয়া।

কাজেই যখন কোনো বান্দা মহান আল্লাহ তা'য়ালার প্রতি বিশ্বাসী হয়ে যাবে এবং আল্লাহ তা'য়ালার সন্তুষ্টির আশায় আল্লাহকে সাহায্য করবে অর্থাৎ আল্লাহর দ্বীনের সাহায্যকারী হয়ে যাবে। তখন মহান আল্লাহ তা'য়ালা নিজের উপর আবশ্যকীয় করে নেন, সেই বান্দাকে সাহায্য করা। যেমন মহান আল্লাহ তা'য়ালা বলেন,

وَلَيَنْصُرَنَّ اللّٰهُ مَنْ يَّنْصُرُهٗ ؕ اِنَّ اللّٰهَ لَقَوِيٌّ عَزِيْزٌ

আর আল্লাহ অবশ্যই তাকে সাহায্য করেন, যে তাকে সাহায্য করে। নিশ্চয়ই আল্লাহ সর্বশক্তিমান, পরাক্রমশালী। (সূরহ হাজ্জ, আ: ৪০)

অতএব, ঈমান আনার পর সেই বান্দা মহান আল্লাহ তা'য়ালাকে আল্লাহর দ্বীনের পথে সার্বিকভাবে সহযোগিতা করবে। মহান আল্লাহ তা'য়ালা তাঁর সেই বান্দার ব্যাপারে আবশ্যকীয় করে নিয়েছেন তাকে সাহায্য করা অর্থাৎ সেই ব্যক্তি মহান আল্লাহ তা'য়ালার পক্ষ হতে সাহায্যপ্রাপ্ত হবেন।

প্রশ্ন : তাহলে সেই বান্দা কিভাবে সাহায্যপ্রাপ্ত হবেন? শুধু আখিরাতেই সাহায্যপ্রাপ্ত হবেন? না কি দুনিয়ার বিষয়েও সাহায্যপ্রাপ্ত হবেন?

উত্তর : অবশ্যই তিনি দুনিয়া ও আখিরাত, উভয় জগতেই সাহায্যপ্রাপ্ত হবেন।

[৪]

আল্লাহর সাহায্যের পরিচয় : অত্র আয়াতের শেষাংশের আলোচনা এটি। যেখানে মহান আল্লাহ তা'য়ালা বলেন- 'এবং তোমাদের পা সুদৃঢ় করবেন'। অতএব আয়াতাংশ থেকে স্পষ্ট হয় যে, মহান আল্লাহ তা'য়ালা ঐ বান্দাকে ইহকাল ও পরকাল উভয় জগতেই সাহায্য করবেন।

আল্লাহর সাহায্যে আমাদের পা সুদৃঢ় রাখার দুইটি দিক রয়েছে।

(ক) ইহকালের সাহায্য

(খ) পরকালের সাহায্য

ইহকালের সাহায্য

ইহকালের সাহায্যে পা দৃঢ় রাখার অর্থ হলো বাতিলের বিরুদ্ধে সশস্ত্র যুদ্ধে মুজাহিদীনদেরকে সাহায্য করা। ফলে মুজাহিদীনরা সশস্ত্র যুদ্ধের মাধ্যমে বাতিলের ভূমি বিজয় করবেন। আল্লাহ তা'য়ালা বলেন,

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُوْنُوْٓا اَنْصَارَ اللّٰهِ كَمَا قَالَ عِيْسَى ابْنُ مَرْيَمَ لِلْحَوَارِيّٖنَ مَنْ اَنْصَارِيْٓ اِلَى اللّٰهِ ؕ قَالَ الْحَوَارِيُّوْنَ نَحْنُ اَنْصَارُ اللّٰهِ فَاٰمَنَتْ طَّآئِفَةٌ مِّنْ بَنِيْٓ اِسْرَآءِيْلَ وَ كَفَرَتْ طَّآئِفَةٌ ۚ فَاَيَّدْنَا الَّذِيْنَ اٰمَنُوْا عَلٰى عَدُوِّهِمْ فَاَصْبَحُوْا ظٰهِرِيْنَ ﴿١٤﴾

হে মুমিনগণ! তোমরা আল্লাহর সাহায্যকারী হও। যেমন মারিয়াম পুত্র ঈসা হাওয়ারীগণকে বলেছিলো, আল্লাহর পথে কারা আমার সাহায্যকারী হবে? হাওয়ারীগণ বলল, আমরাই আল্লাহর সাহায্যকারী। তারপর বনি ইসরাইলের মধ্যে থেকে একদল ঈমান আনল এবং অপর একদল প্রত্যাখ্যান করল। অতঃপর, যারা ঈমান আনল আমি তাদেরকে তাদের শত্রুবাহিনীর উপর শক্তিশালী করলাম। ফলে তারা বিজয়ী হলো। (সূরহ ছফ, আ: ১৪)

মহান আল্লাহ তা'য়ালাকে সাহায্য করার ফলে মহান আল্লাহ তা'য়ালা অনেক দুর্বলকেই আল্লাহর জমিনে কর্তৃত্বের আসনে বসিয়েছেন। মহান আল্লাহ তা'য়ালা বলেন,

وَاذْكُرُوْٓا اِذْ اَنْتُمْ قَلِيْلٌ مُّسْتَضْعَفُوْنَ فِى الْاَرْضِ تَخَافُوْنَ اَنْ يَّتَخَطَّفَكُمُ النَّاسُ فَاٰوٰىكُمْ وَ اَيَّدَكُمْ بِنَصْرِهٖ وَرَزَقَكُمْ مِّنَ الطَّيِّبٰتِ لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿٢٦﴾

আর স্বরণ কর! যখন তোমারা ছিলে অল্প, তোমাদেরকে দুর্বল মনে করা হতো জমিনে। তোমরা আশঙ্কা করতে যে, লোকেরা তোমাদেরকে ছো মেরে তুলে নিয়ে যাবে। অতঃপর তিনি তোমাদেরকে আশ্রয় দিয়েছেন, নিজ সাহায্য দ্বারা তোমাদেরকে শক্তিশালী করেছেন এবং তোমাদেরকে পবিত্র রিযক দান করেছেন; যাতে তোমরা শুকরিয়া আদায় কর। (সূরহ আনফাল, আ: ২৬)

অর্থাৎ মহান আল্লাহ তা'য়ালার পক্ষ হতে সেই বান্দাগণের জন্য রয়েছে ইহকালের সাহায্য। যেই বান্দাগণ ঈমান আনার পর আল্লাহ তা'য়ালাকে সাহায্য করেন।

পরকালের সাহায্য

আল্লাহ তা'য়ালা বলেন, 'এবং তোমাদের পা সুদৃঢ় করবেন'। অর্থাৎ ইসলামের পথে দ্বীন কায়িমের পথে মহান আল্লাহ তা'য়ালা আমাদের সুদৃঢ় করে দিবেন। যেই বান্দাটি মহান আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে আল্লাহর দ্বীনের সাহায্য করে যাবে এবং দুনিয়াবী কোন নিফাক তার অন্তরে রাখবে না। সেই বান্দাটিকে মহান আল্লাহ তা'য়ালা এমন সাহায্য করবেন যে, দুনিয়ার জীবনে ঈমানের পথে তার পা সুদৃঢ় রাখবেন। যার ফলে সে পরকালীন জীবনে সাহায্যপ্রাপ্ত হবে এবং যুদ্ধের ময়দানে তার পা সুদৃঢ় রাখবেন। যার ফলে শত্রু বাহিনীকে পরাস্ত করে শত্রুর ভূমি বিজয় করবেন এবং সে ইহকালীন জীবনে সাহায্যপ্রাপ্ত হবে। কেননা অত্র আয়াতাংশে মহান আল্লাহ তা'য়ালা তার উভয় জগতের সাহায্যের কথা উল্লেখ করেছেন। কারণ আয়াতটি নাযিল হয়েছে বাতিলের সাথে মু'মিনদের যুদ্ধে বিজয়ের ক্ষেত্রে। অর্থাৎ এটা ইহকালীন সাহায্য। আর ঈমানের উপর সুদৃঢ় রাখাই বান্দার প্রকৃত সাহায্য। যা বান্দার পরকালীন সাহায্য।

কুফুরীর পরিণতি

▪ আয়াত-৮ ও ৯

আল্লাহ তা'য়ালা বলেন,

وَالَّذِيْنَ كَفَرُوْا فَتَعْسًا لَّهُمْ وَاَضَلَّ اَعْمَالَهُمْ ﴿٨﴾

ذٰلِكَ بِاَنَّهُمْ كَرِهُوْا مَآ اَنْزَلَ اللّٰهُ فَاَحْبَطَ اَعْمَالَهُمْ ﴿٩﴾

(৮) যারা কুফুরী করেছে, তাদের জন্য রয়েছে দুর্ভোগ এবং তিনি তাদের কর্ম ব্যর্থ করে দিবেন। (৯) এটা এই জন্য যে, আল্লাহ যা নাযিল করেছেন তারা তা অপছন্দ করে। সুতরাং আল্লাহ তা'য়ালা তাদের ব্যর্থ করে দিবেন।

আলোচনা :

উপরে উল্লেখিত আয়াতে মহান আল্লাহ তা'য়ালা কুফুরীর দুইটি পরিণতির কথা উল্লেখ করেছেন।

(১) লাঞ্ছনা / শাস্তি।

(২) তারা দুনিয়াতে যতো ভালো কর্মই করুক না কেন; আল্লাহ তা'য়ালা ভালো কর্মগুলোকে ব্যর্থ করে দিবেন।

অর্থাৎ কুফরী এমন একটি গুনাহ, যা মানুষকে জান্নাতের পথ থেকে অনেক দূরে নিয়ে যায় এবং তাকে জাহান্নামে নিক্ষেপ করা যায় খুব সহজেই। (নাউজুবিল্লাহ)

সুতরাং যেই কুফরীর পরিণতি এতো ভয়াবহ সেই কুফরী সম্পর্কে অবশ্যই আপনাদেরকে সুষ্ঠু ধারণা রাখতে হবে। তা ব্যতীত এই কুফরী হতে বেঁচে থাকা সহজ হবে না।

অতএব, প্রত্যেক মুমিন বান্দার জন্য কুফরী গুনাহ সম্পর্কে সুষ্ঠু ধারণা রাখা জরুরী। যা প্রথম আয়াতের আলোচনায় আমি সংক্ষেপে উল্লেখ করেছি। অতঃপর কুফরী গুনাহ সম্পর্কে নিম্নে আরো স্পষ্ট করে উল্লেখ করার চেষ্টা করলাম।

কুফরীর সংজ্ঞা: কুফরী শব্দটি অত্র আয়াতের কাফারু শব্দ হতে নেওয়া হয়েছে যা কুফরুন (كُفْرٌ) ধাতু হতে নেয়া। যার আভিধানিক অর্থ হলো আবৃত বা ঢেকে রাখা। শরিয়তের পরিভাষায় কাফির অর্থ- যে ব্যক্তি কুরআন নির্দেশিত সত্য গোপন করে বা প্রত্যাখ্যান করে।

আর এই কুফরী মূলত দই প্রকার। যথা:

(১) বড় কুফরী।

(২) ছোট কুফরী।

[১]

বড় কুফরী এমন কুফরীকে বলা হয় যা মানুষকে দ্বীন থেকে বের করে দেয়। এটা মূল দ্বীনের সম্পূর্ণ বিপরীত। এই পর্যায়ের কুফরীর মধ্যে পড়ে আল্লাহ তা'য়ালাকে গাল-মন্দ করা অথবা আল্লাহর দ্বীন, তার রসূল, তার শরীয়াকে গাল মন্দ করা। অথবা দ্বীনের কোন বিষয় নিয়ে হাসি-ঠাট্টা ও উপহাস করা।

অথবা আল্লাহ তা'য়ালার আদেশ-নিষেধ প্রত্যাখ্যান করা অথবা আল্লাহ তা'য়ালার আদেশ-নিষেধের কোনো একটিকে অবজ্ঞা বা অস্বীকার করা। অথবা আল্লাহ ও তার রসূল যা হারাম করেছেন তা হালাল বা বৈধ করা এবং আল্লাহ ও তার রসূল যা হালাল বা বৈধ করেছেন তা হারাম বা অবৈধ করা।

(১.১) মহান আল্লাহ তা'য়ালাকে গাল-মন্দ করা বড় কুফরী।

আল্লাহ তা'য়ালা বলেন,

إِنَّ الَّذِيْنَ يُؤْذُوْنَ اللّٰهَ وَرَسُوْلَهٗ لَعَنَهُمُ اللّٰهُ فِي الدُّنْيَا وَالْاٰخِرَةِ وَاَعَدَّ لَهُمْ عَذَابًا مُّهِيْنًا ﴿٥٧﴾

যারা আল্লাহ ও রসূলকে কষ্ট দেয়, আল্লাহ তো তাদেরকে দুনিয়া ও আখিরাতে অভিশপ্ত করেন এবং তিনি তাদের জন্য প্রস্তুত রেখেছেন যন্ত্রনাদায়ক শাস্তি। (সূরহ আহযাব, আ: ৫৭)

(১.২) মহান আল্লাহ তা'য়ালার রসূল (ﷺ) কে গাল-মন্দ করা বড় কুফরী।

আল্লাহ তা'য়ালা বলেন,

وَمِنْهُمُ الَّذِيْنَ يُؤْذُوْنَ النَّبِيَّ وَيَقُوْلُوْنَ هُوَ اُذُنٌ قُلْ اُذُنُ خَيْرٍ لَّكُمْ يُؤْمِنُ بِاللّٰهِ وَيُؤْمِنُ لِلْمُؤْمِنِيْنَ وَرَحْمَةٌ لِّلَّذِيْنَ اٰمَنُوْا مِنْكُمْ ۚ وَالَّذِيْنَ يُؤْذُوْنَ رَسُوْلَ اللّٰهِ لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿٦١﴾

এবং তাদের মধ্যে এমনো লোক আছে যারা নবীকে কষ্ট দেয় এবং বলে, সে তো কর্ণপাতকারী। বল, তার কর্ণ তোমাদের জন্য যা কল্যাণকর তা-ই শোনে। সে আল্লাহে ঈমান আনে এবং মুমিনদেরকে বিশ্বাস করে। তোমাদের মধ্যে যারা মুমিন সে তাদের জন্য রহমত এবং যারা আল্লাহর রসূলকে কষ্ট দেয় তাদের জন্য রয়েছে মর্মান্তিক শাস্তি। (সূরহ তাওবা, আ: ৬১)

হযরত কাযী ইয়ায (রহি:) বলেন- যে ব্যক্তি নবী (ﷺ) কে অপমান করবে কিংবা অন্য কোনো নবীকে অপমান করবে কিংবা মর্যাদা ক্ষুন্ন করবে কিংবা তাদেরকে কষ্ট দিবে কিংবা কোন নবীকে হত্যা করবে কিংবা কোন নবীর বিরুদ্ধে যুদ্ধ করবে, সে ব্যক্তি সর্বসম্মতিক্রমে কাফের। (আশ শিফা বি তা'রিফিল মুস্তফা, ২/২৮৪)

ইসলাম নিয়ে উপহাস করা বড় কুফরী। মহান আল্লাহ তা'য়ালা বলেন,

وَلَئِنْ سَاَلْتَهُمْ لَيَقُوْلُنَّ اِنَّمَا كُنَّا نَخُوْضُ وَنَلْعَبُ ۭ قُلْ اَبِاللّٰهِ وَاٰيٰتِهٖ وَرَسُوْلِهٖ كُنْتُمْ تَسْتَهْزِءُوْنَ ﴿٦٥﴾ لَا تَعْتَذِرُوْا قَدْ كَفَرْتُمْ بَعْدَ اِيْمَانِكُمْ ۭ اِنْ نَّعْفُ عَنْ طَاۗىِٕفَةٍ مِّنْكُمْ نُعَذِّبْ طَاۗىِٕفَةًۢ بِاَنَّهُمْ كَانُوْا مُجْرِمِيْنَ ﴿٦٦﴾

তুমি যদি তাদেরকে জিজ্ঞেস করো, তোমরা কি কথা বলছিলে? উত্তরে তারা অবশ্যই বলবে, আমরা কেবল হাসি-তামাসা, উপহাস-পরিহাস করছিলাম। বলো, তোমরা কি আল্লাহ, তার আয়াত সমূহ এবং তার রসূলকে নিয়ে উপহাস করছিলে? তোমরা এখন অযুহাত পেশ করো না। তোমরা তো ঈমান আনার পর কুফরী করেছো। (সূরহ তাওবা, আ: ৬৫-৬৬)

(১.৩) মহান আল্লাহ তা'য়ালার আয়াতকে অস্বীকার করা বড় কুফরী।

মহান আল্লাহ তা'য়ালা বলেন,

اِنَّ الَّذِيْنَ يَكْفُرُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ وَيَقْتُلُوْنَ النَّبِيّٖنَ بِغَيْرِ حَقٍّ ۙ وَّيَقْتُلُوْنَ الَّذِيْنَ يَاْمُرُوْنَ بِالْقِسْطِ مِنَ النَّاسِ فَبَشِّرْهُمْ بِعَذَابٍ اَلِيْمٍ ﴿٢١﴾ اُولٰٓئِكَ الَّذِيْنَ حَبِطَتْ اَعْمَالُهُمْ فِى الدُّنْيَا وَالْاٰخِرَةِ ۖ وَمَا لَهُمْ مِّنْ نّٰصِرِيْنَ ﴿٢٢﴾

যারা আল্লাহর আয়াত অস্বীকার করে, অন্যায়ভাবে নবীগণকে হত্যা করে এবং মানুষের মধ্যে যারা ন্যায়পরায়নের নির্দেশ দেয় তাদেরকে হত্যা করে, তুমি তাদেরকে মর্মান্তিক শাস্তির সংবাদ দাও। এই সব লোক যাদের কর্মসমূহ দুনিয়া ও আখিরাতে নষ্ট হবে এবং তাদের কোন সাহায্যকারী নাই। (সূরহ আলে ইমরান, আ: ২১-২২)

(১.৪) আল্লাহ তা'য়ালার আদেশ-নিষেধের কিছু অংশ মানা ও কিছু অংশ অস্বীকার করা বড় কুফরী।

আল্লাহ তা'য়ালা বলেন,

اَفَتُؤْمِنُوْنَ بِبَعْضِ الْكِتٰبِ وَتَكْفُرُوْنَ بِبَعْضٍ ۚ فَمَا جَزَآءُ مَنْ يَّفْعَلُ ذٰلِكَ مِنْكُمْ اِلَّا خِزْىٌ فِى الْحَيٰوةِ الدُّنْيَا ۚ وَيَوْمَ الْقِيٰمَةِ يُرَدُّوْنَ اِلٰٓى اَشَدِّ الْعَذَابِ ۗ وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ﴿٨٥﴾

তবে কি তোমরা কিতাবের কিছু অংশে বিশ্বাস কর এবং কিছু অংশকে প্রত্যাখ্যান কর? সুতরাং তোমাদের মধ্যে যারা এরূপ করে তাদের একমাত্র প্রতিফল পার্থিব জীবনে হীনতা এবং কিয়ামাতের দিন তারা কঠিনতম শাস্তির দিকে নিক্ষিপ্ত হবে। তারা যা করে, আল্লাহ সে সম্পর্কে অনবহিত নন। (সূরহ বাকারহ, আ: ৮৫)

(১.৫) হালালকে হারাম করা আর হারামকে হালাল করা বড় কুফরী।

আল্লাহ তা'য়ালা বলেন,

اِتَّخَذُوْٓا اَحْبَارَهُمْ وَرُهْبَانَهُمْ اَرْبَابًا مِّنْ دُوْنِ اللّٰهِ وَالْمَسِيْحَ ابْنَ مَرْيَمَ ۚ وَمَآ اُمِرُوْٓا اِلَّا لِيَعْبُدُوْٓا اِلٰـهًا وَّاحِدًا ۚ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۚ سُبْحٰنَهٗ عَمَّا يُشْرِكُوْنَ ﴿٣١﴾

আল্লাহর পরিবর্তে তারা তাদের আলেম ও পীর-ফকীরকে রব বানিয়ে নিয়েছে। (সূরহ তাওবা, আ: ৩১)

حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ يَزِيدَ الْكُوفِيُّ، حَدَّثَنَا عَبْدُ السَّلاَمِ بْنُ حَرْبٍ، عَنْ غُطَيْفِ بْنِ أَعْيَنَ، عَنْ مُصْعَبِ بْنِ سَعْدٍ، عَنْ عَدِيِّ بْنِ حَاتِمٍ، قَالَ أَتَيْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم وَفِي عُنُقِي صَلِيبٌ مِنْ ذَهَبٍ . فَقَالَ "يَا عَدِيُّ اطْرَحْ عَنْكَ هَذَا الْوَثَنَ" . وَسَمِعْتُهُ يَقْرَأُ فِي سُورَةِ بَرَاءَةٌ : (اتَّخَذُوا أَحْبَارَهُمْ وَرُهْبَانَهُمْ أَرْبَابًا مِنْ دُونِ اللَّهِ) قَالَ "أَمَا إِنَّهُمْ لَمْ يَكُونُوا يَعْبُدُونَهُمْ وَلَكِنَّهُمْ كَانُوا إِذَا أَحَلُّوا لَهُمْ شَيْئًا اسْتَحَلُّوهُ وَإِذَا حَرَّمُوا عَلَيْهِمْ شَيْئًا حَرَّمُوهُ" . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ عَبْدِ السَّلاَمِ بْنِ حَرْبٍ . وَغُطَيْفُ بْنُ أَعْيَنَ لَيْسَ بِمَعْرُوفٍ فِي الْحَدِيثِ .

হযরত আদী ইবনে হাতিম (রা:) আল্লাহর নবী (ﷺ) কে এই আয়াত পাঠ করতে শুনে বলেছিলেন- ওরা তো তাদের ইবাদাত করে না। আল্লাহর রসূল (ছ:) বলেছিলেন- তা বটে। কিন্তু আল্লাহ যা হারাম করেছেন তারা ওদেরকে তা হালাল করে দিলে ওরা তা হালালই মনে করে। একইভাবে আল্লাহ তা'য়ালা যা হালাল করেছেন তারা ওদেরকে তা হারাম করে দিলে ওরা তা হারামই মনে করে। (তিরমিজি হাদিস নং: ৩০৯৫, মান হাসান)

(১.৬) আল্লাহর ইবাদাতে শিরক করা বা অংশীদার স্থাপন করা বড় কুফরী।

আল্লাহ তা'য়ালা বলেন,

وَلَا تَجْعَلْ مَعَ اللّٰهِ اِلٰـهًا اٰخَرَ فَتُلْقٰى فِىْ جَهَنَّمَ مَلُوْمًا مَّدْحُوْرًا ﴿٣٩﴾

তুমি আল্লাহর সঙ্গে অপর কাউকে ইলাহ স্থীর করো না। করিলে তুমি নিন্দিত ও বিতাড়িত অবস্থায় জাহান্নামে নিক্ষিপ্ত হবে। (সূরহ বানী ঈসরাইল, আ: ৩৯)

(১.৭) আল্লাহ ও বান্দার মাঝে কাউকে মাধ্যম তৈরি করা, তাদেরকে ডাকা এবং তাদের নিকটে শাফায়াত কামনা বড় কুফরী। আল্লাহ তা'য়ালা বলেন,

وَيَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَا يَضُرُّهُمْ وَلَا يَنْفَعُهُمْ وَيَقُوْلُوْنَ هٰٓؤُلَآءِ شُفَعَآؤُنَا عِنْدَ اللّٰهِ ۭ قُلْ اَتُنَبِّـــُٔوْنَ اللّٰهَ بِمَا لَا يَعْلَمُ فِي السَّمٰوٰتِ وَلَا فِي الْاَرْضِ ۭ سُبْحٰنَهٗ وَتَعٰلٰى عَمَّا يُشْرِكُوْنَ ﴿١٨﴾

তারা আল্লাহ ব্যতীত যার ইবাদাত করে তা তাদের ক্ষতিও করতে পারে না, উপকারও করতে পারে না। তারা বলে এইগুলি আল্লাহর নিকট আমাদের সুপারিশকারী। বলো, তোমরা কি আল্লাহকে আকাশসমূহ ও পৃথিবীর এমন কিছুর সংবাদ দিবে যা তিনি জানেন না? তিনি মহান, পবিত্র এবং তারা যাকে শরিক করে তা হতে উর্ধ্বে। (সূরহ ইউনূস, আ: ১৮)

জানা প্রয়োজন- এক শ্রেণীর মানুষ আল্লাহ ও বান্দার মাঝে কাউকে মাধ্যম তৈরী করাকে ইবাদত হিসেবে গ্রহণ করেছে। তারা দলিল হিসেবে উল্লেখ করে সূরহ মায়েদার ৩৫ নং আয়াত, যেখানে আল্লাহ তা'য়ালা বলেন,

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ وَابْتَغُوْٓا اِلَيْهِ الْوَسِيْلَةَ وَجَاهِدُوْا فِيْ سَبِيْلِهٖ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿٣٥﴾

হে মুমিনগণ! আল্লাহকে ভয় কর ও তার নৈকট্য লাভের উছিলা তালাশ কর ও তার পথে জিহাদ কর, যাতে তোমরা সফলকাম হতে পারো।

উক্ত আয়াতের তাফসীরে বর্ণিত আছে-

قال سفيان الثوري: حدثنا أبي عن طلحة عن عطاء عن ابن عباس: الوسيلة القربة.

وقال قتادة: يقربون إليه بطاعته والعمل بما يرضيه.

হযরত সুফিয়ান সাওরী (রহি:) পর্যায়ক্রমে, তার পিতা, তালহা, আতা, ইবনে আব্বাস (রা:) এর সনদে বলেছেন- "ওছিলা অর্থ নৈকট্য লাভের চেষ্টা

করা''। হযরত কাতাদা (রহি:) বলেন- ''এর মর্মার্থ হলো 'আমল দ্বারা' নৈকট্য লাভ করা''। (তাফসিরে ইবনে কাসির, খন্ড ২, পৃ: ১৫)

অর্থাৎ, আল্লাহর নৈকট্য লাভের জন্য ওছিলা হিসেবে পীর-ফকিরের হাতে বায়াত করা শরিয়া সম্মত নয়। কাজেই আল্লাহ ও বান্দার মধ্যে কোন পীর-ফকিরকে মাধ্যম হিসেবে রাখা, মৃত পীরের ওছিলা করে দু'আ করা শিরক। তবে জীবিত কোনো সৎ ব্যক্তির উছিলা করে আল্লাহর নিকট দু'আ করা যাবে।

হযরত আনাস ইবনে মালিক (রা:) বলেন-

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللهِ الْأَنْصَارِيُّ حَدَّثَنِيْ أَبِيْ عَبْدُ اللهِ بْنُ الْمُثَنَّى عَنْ ثُمَامَةَ بْنِ عَبْدِ اللهِ بْنِ أَنَسٍ عَنْ أَنَسٍ أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ كَانَ إِذَا قَحَطُوْا اسْتَسْقَى بِالْعَبَّاسِ بْنِ عَبْدِ الْمُطَّلِبِ فَقَالَ اللّٰهُمَّ إِنَّا كُنَّا نَتَوَسَّلُ إِلَيْكَ بِنَبِيِّنَا صلى الله عليه وسلم فَتَسْقِيْنَا وَإِنَّا نَتَوَسَّلُ إِلَيْكَ بِعَمِّ نَبِيِّنَا فَاسْقِنَا قَالَ فَيُسْقَوْنَ

উমার (রা:) (এর খিলাফতকালে) যখন অনাবৃষ্টিতে আক্রান্ত হতেন তখন আব্বাস ইবনে আব্দুল মুত্তালিব (রা:) কে দিয়ে বৃষ্টির দু'আ করাতেন। অতঃপর বলতেন: হে আল্লাহ! আমরা আমাদের নবী (ﷺ) এর উছিলায় আপনার নিকট প্রার্থনা করতাম। ফলে আপনি আমাদের বৃষ্টি দান করতেন। এখন আমরা আপনার নিকট প্রার্থনা করছি আমাদের নবী (ছ:) এর চাচার উছিলায়। অতএব আপনি আমাদেরকে বৃষ্টি দান করুন। আনাস (রা:) বলেন- তখন বৃষ্টিপাত হতো। (ছহিহ বুখারী হা ৩৭১০, মান সহিহ)

(১.৮) মুশরিকদের কাফের মনে না করা। তাদের কুফরীর ব্যাপারে সন্দেহ পোষণ করা এবং তাদের মতবাদ সমূহকে সঠিক মনে করা বড় কুফরী।

মহান আল্লাহ তা'য়ালা বলেন,

اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ اَهْلِ الْكِتٰبِ وَ الْمُشْرِكِيْنَ فِيْ نَارِ جَهَنَّمَ خٰلِدِيْنَ فِيْهَا اُولٰٓئِكَ هُمْ شَرُّ الْبَرِيَّةِ ﴿٦﴾

কিতাবীদের মধ্যে যারা কুফরী করে তারা এবং মুশরিকরা জাহান্নামের অগ্নিতে স্থায়ীভাবে অবস্থান করবে। তারাই সৃষ্টির অধম। (সূরহ বাইয়্যিনাহ, আ: ৬)

জানা প্রয়োজন- অত্র আয়াতে আল্লাহ তা'য়ালা মুশরিকদের স্থায়ী জাহান্নামী হিসেবে ঘোষণা দিয়েছেন এবং এ কথা স্পষ্ট করেছেন যে, মুশরিকরা সৃষ্টির অধম।

সুতরাং, যারা মহান আল্লাহ তা'য়ালার এই ঘোষণাকে তোয়াক্কা না করে; যারা মহান আল্লাহ তা'য়ালার চেয়ে অধিক উদারতার পরিচয় দেখিয়ে, জেনে বুঝে মুশরিকদের সাথে অন্তরঙ্গভাবে মিশছে। তাদের মূর্তিপূজাকে সমর্থন করছে। তারা মূলত আল্লাহর আদেশের অবমাননা করছে; যা বড় কুফরী। তাদের পরিচয় মহান আল্লাহ তা'য়ালা দিয়েছেন। আল্লাহ তা'য়ালা বলেন,

فَاِنْ تَابُوْا وَاَقَامُوا الصَّلٰوةَ وَاٰتَوُا الزَّكٰوةَ فَاِخْوَانُكُمْ فِى الدِّيْنِ ؕ وَنُفَصِّلُ الْاٰيٰتِ لِقَوْمٍ يَّعْلَمُوْنَ

অতঃপর তারা যদি তাওবা করে (অর্থাৎ মুশরিকরা যদি শিরক থেকে তাওবা করে), ছলাত কায়েম করে, যাকাত প্রদান করে। তবে তারা তোমাদের দ্বীনি ভাই। জ্ঞানী সম্প্রদায়ের জন্য আমি নিদর্শন স্পষ্ট রূপে বিবৃত করি। (সূরহ তাওবা, আ: ১১)

সুতরাং মুশরিকদের ভাই বলার ক্ষেত্রে অবশ্যই মুসলিমদেরকে সাবধানতা অবলম্বন করতে হবে। অতঃপর এটা তো গেলো মুশরিকদের আপন করে নেয়ার বিষয়।

তাছাড়াও ইসলাম বিধ্বংসী স্বার্থলোভী কিছু জ্ঞান পাপী যারা দুনিয়ার কিছু নিকৃষ্ট স্বার্থের জন্য এমন উক্তি প্রচার করে যা মুখে বলা বা অন্তরে লালন করা উভয়ই ঈমান থেকে বের করে দেয়। তারা বলে- রোজা আর পূজা একই মুদ্রার এপিঠ ওপিঠ (নাউযুবিল্লাহ)। এই উক্তি দ্বারা সেই ব্যক্তি মুশরিকদের কুফরির ব্যাপারে সন্দেহ পোষণ করেছে। কেননা তার দৃষ্টিতে মুসলমানদের রোজা বা সিয়াম আর মুশরিকদের পূজা বা আল্লাহ ব্যতীত অন্যান্য রবের ইবাদাত দুটোই সমান। অর্থাৎ তার দৃষ্টিতে বোঝাচ্ছে যে

মুশরিকদের মতবাদও সঠিক (নাউজুবিল্লাহ)। ফলে ঐসকল নেতাগণ তাদের কুফুরি উক্তির কারণে মুরতাদের অন্তর্ভুক্ত হয়ে যায়। (নাউজুবিল্লাহ)

(১.৯) আল্লাহর রসূল (ﷺ) এর দেখানো পথ ব্যতীত অন্য কোন পথ পরিপূর্ণ মনে করা অথবা ইসলামী শাসনব্যবস্থা বা বিধান ব্যতীত অন্য কারো তৈরি হুকুমাত উত্তম মনে করা বড় কুফরী।

মহান আল্লাহ তা'য়ালা বলেন,

وَمَا كَانَ لِمُؤْمِنٍ وَّلَا مُؤْمِنَةٍ اِذَا قَضَى اللّٰهُ وَرَسُوْلُهٗٓ اَمْرًا اَنْ يَّكُوْنَ لَهُمُ الْخِيَرَةُ مِنْ اَمْرِهِمْ ۗ وَمَنْ يَّعْصِ اللّٰهَ وَرَسُوْلَهٗ فَقَدْ ضَلَّ ضَلٰلًا مُّبِيْنًا ﴿٣٦﴾

আর আল্লাহ ও তার রসূল কোনো নির্দেশ দিলে কোনো মুমিন পুরুষ ও নারীর জন্য নিজেদের ব্যাপারে অন্য কিছু এখতিয়ার করার অধিকার থাকেনা। আর যে আল্লাহ ও তার রসূলকে অমান্য করল! সে স্পষ্টই পথভ্রষ্ট হবে। (সূরহ আহযাব, আ: ৩৬)

বর্তমানে এই শ্রেণীর বড় কুফরী মতবাদের প্রথম সারিতে রয়েছে "গণতন্ত্র"।

গণতন্ত্র সম্পর্কে কিছু কথা

গণতন্ত্র যা বর্তমান বিশ্বে বৃহত্তর এক মতবাদের নাম। যা ইসলামী মতবাদের সম্পূর্ণ বিপরীত মতবাদ। যা একটি বড় কুফরী।

যদিও বর্তমানে অনেক স্বার্থান্বেষী আলেমরা এবং ইসলামের জ্ঞান হতে জাহেল ব্যক্তিরা মনে করে থাকে যে, গণতন্ত্র কুফরী না। তারা বলে থাকে যে কুরআন হাদিসের কোথাও-ই গণতন্ত্রকে কুফরী বলা হয় নি; যারা কুফরী বলছে তারা মাসআলাগত বিষয়ে বলছে। এই সকল স্বার্থান্বেষী আলেম ও জাহেল ব্যক্তিদের গণতন্ত্র নিয়ে সুধারণা রাখার মূল কারণ হলো তারা নিজেরাই গণতন্ত্রের ধারক-বাহক। এই সকল লোকদের উদাহরণ ঐ সকল আলেমের ন্যায়, যারা নিজেরা তামাক-জর্দা দিয়ে পান খায়, আর যারা সিগারেট-বিড়ি খায় তাদেরকে বলে মাকরূহ, মুবাহ। ফলে দেশে মাদকাসক্ত লোকদের সংখ্যা দিন দিন বেড়ে যাচ্ছে।

এবার আসুন জেনে নেই, গণতন্ত্র প্রকৃতই একটি কুফরী মতবাদ। যা মাসলাগত কোনো বিষয় নয়। প্রথমেই জেনে নেই গণতন্ত্রের সংজ্ঞা, গণতন্ত্র কি এবং কি তার পরিচয়।

গণতন্ত্রের সংজ্ঞা

আইনের অধ্যাপক ড. আব্দুল হামিদ মিতওয়ালী বলেন- 'শাসন ব্যবস্থা "গণতন্ত্র" জাতির প্রভুত্বের অর্থাৎ রবের নীতিতে পরিণত হয়েছে। অধিকন্তু সংজ্ঞা অনুযায়ী প্রভুত্ব হচ্ছে সেই সর্বোচ্চ কর্তৃত্ব যার উপর অন্য কোন কর্তৃত্ব নেই।' (Dr. Hamid Mitwali's Ruling System in Developing Country, ড. হামিদ মিতওয়ালী এর রুলিং সিস্টেম ইন ডেভেলপিং কান্ট্রী, সংস্করণ-১৯৮৫, পৃ: ৬২৫)

পাশ্চাত্য রাজনীতিবিদ জোসেফ ফ্রাঙ্কেল বলেন- 'প্রভূত্বের অর্থ হচ্ছে সর্বোচ্চ কর্তৃত্ব যা এর উপরে অন্য কোন কর্তৃত্ব স্বীকার করে না এবং যার পশ্চাতে সিদ্ধান্ত সমূহ পূর্ণবিবেচনা করার মত কোনো বৈধ কর্তৃত্বেরও অধিকারী নেই।' (জোসেফ ফ্রঙ্কেল এর The International Relationship, দ্যা ইন্টারন্যাশনাল রিলেশনশীপ, তুহামা পাবলিশিং: ১৯৮৪, পৃ: ২৫)

বিষয়টিকে আমেরিকার সাবেক প্রেসিডেন্ট আব্রাহাম লিংকন আরো স্পষ্ট করে দিয়েছেন। সে গেটিসবার্গে এক বক্তৃতায় গণতান্ত্রিক সরকারের সংজ্ঞা দিতে গিয়ে বলে- 'গণতন্ত্র হলো জনগণের জন্য, জনগণের দ্বারা, জনগণের সরকার'।

এখন দেখেন গণতন্ত্রের মূলধারা সম্পর্কে বাংলাদেশের সংবিধান কি বলে। বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৭ এর ধারা দুইতে বলা হয়েছে- 'জনগণের অভিপ্রায়ের পরম অভিব্যক্তিরুপে এই সংবিধান প্রজাতন্ত্রের সর্বোচ্চ আইন এবং অন্য কোনো আইন যদি এই সংবিধানের সহিত অসামঞ্জস্য হয়, তাহা হইলে সেই আইনের যতখানি অসামঞ্জস্যপূর্ণ, ততখানি বাতিল হইবে।' (বাংলাদেশের সংবিধান ও সার্বজনীন মানবাধিকার

ঘোষণা- চতুর্দশ সংশোধিত পরবর্তী প্রকাশিত, এম. এ. সালাম রচিত, কালার সিটি কর্তৃক মুদ্রিত, পৃষ্ঠা নং: ৯)

সংক্ষিপ্তভাবে যদি গণতন্ত্রের সংজ্ঞা দিতে হয় তবে আমি বলবো- "গণ মানুষের রায় বা সিদ্ধান্তকেই গণতন্ত্র বলে। অতএব অত্র সংজ্ঞাগুলো থেকে স্পষ্টই জানা যায় গণতন্ত্রের মূল উৎস হলো 'জনগণ'। জনগণ বলতে গণমানুষকে বোঝায়। অর্থাৎ ধর্ম, বর্ণ, দল, মত নির্বিশেষে অধিকাংশ মানুষ মিলেই যেই রায় বা সিদ্ধান্ত দেয় সেটাই হলো গণতন্ত্র।"

এবার ভালোভাবে দেখে নিন, গণতন্ত্র কি চায়?
গণতন্ত্র চায় অধিকাংশ মানুষের সিদ্ধান্তের উপর রাষ্ট্রীয় কাজ সমাধা করতে। আর এই অধিকাংশ মানুষের সিদ্ধান্তের ব্যাপারে ইসলাম কি বলে দেখুন। মহান আল্লাহ তা'য়ালা বলেন,

وَ اِنْ تُطِعْ اَكْثَرَ مَنْ فِى الْاَرْضِ يُضِلُّوْكَ عَنْ سَبِيْلِ اللّٰهِ اِنْ يَّتَّبِعُوْنَ اِلَّا الظَّنَّ وَ اِنْ هُمْ اِلَّا يَخْرُصُوْنَ ﴿۱۱۶﴾

আর যদি তুমি যারা জমিনে আছে তাদের অধিকাংশের আনুগত্য কর, তবে তারা তোমাকে আল্লাহর পথ থেকে বিচ্যুত করবে। তারা শুধু ধারনারই অনুসরণ করে এবং তারা শুধু অনুমান করে। (সূরহ আনআম, আ: ১১৬)

এখন ভালোভাবে দেখুন মহান আল্লাহ তা'য়ালা যেখানে বলেছেন, অধিকাংশের আনুগত্য করা যাবে না, অধিকাংশের সিদ্ধান্ত নেওয়া যাবে না! সেখানে গণতন্ত্রের মূল ভিত্তিই হচ্ছে অধিকাংশের সিদ্ধান্ত। অর্থাৎ গণতন্ত্রের মূল ভিত্তিই হলো আল্লাহর সিদ্ধান্ত অস্বীকার করা। যা বড় কুফরী।

দুঃখের বিষয় হলো গণতন্ত্র কুফরী মতবাদ স্পষ্ট বোঝার পরেও জ্ঞান পাপীরা 'এটা মাসলাগত বিষয়' এর দোহাই দিয়ে উল্লেখিত আয়াতের একটি মনগড়া ব্যাখ্যা দিয়ে আয়াতের মূল শিক্ষাকেই অস্বীকার করে যায়। তারা তখন গণতন্ত্রের নতুন ব্যাখ্যা নিয়ে উপস্থিত হয়।

তারা বলে- ‘ইসলামে শুরা পদ্ধতিও গণতন্ত্রের ন্যায়ই। কারণ ইসলামে শুরা মাজলিসেও একাধিক মানুষের পরামর্শকেই গুরুত্ব প্রদান করা হয়।’ (নাউজুবিল্লাহ)

সম্মানিত পাঠক! এটা একটি মারাত্মক বিষয় যে তারা তাদের দুনিয়াবি কিছু নিকৃষ্ট স্বার্থ হাসিলের জন্য গণতন্ত্র ও শুরাকে এক করে ফেলে। অথচ শুরা আর গণতন্ত্রের মধ্যে রয়েছে মুমিন আর কাফেরের মত পার্থক্য। শুরার জন্য কিছু উদাহরণ নিম্নে উল্লেখ করলাম।

শুরা ও গণতন্ত্রের পার্থক্য

ইসলামী দলগুলো তাদের অভ্যন্তরীণ কোনো কাজ বা পরামর্শের জন্য যে কোনো মুসলিমের পরামর্শ গ্রহণ করতে পারেন। অথবা একজন খলিফা খিলাফতের অধীনে থাকা মুসলিম নাগরিকগণকে নিয়ে একত্রে বসে পরামর্শের মাধ্যমে যে সিদ্ধান্ত গ্রহণ করেন, সেই পরামর্শ গ্রহণের পদ্ধতিই হলো ‘শুরা’। তবে শুরার মূল শর্ত হলো শুরা সদস্যগণ খলিফাকে শুধু পরামর্শই প্রদান করতে পারবেন। সেই পরামর্শ গ্রহণ করা আর না করা কিংবা সিদ্ধান্ত গ্রহণ করা একমাত্র খলিফারই এখতিয়ার ভুক্ত।

অপরদিকে গণতন্ত্র মূল ভিত্তি হল- তারা মনে করে মুসলিম, মুনাফিক, কাফির, মুশরিক, মুরতাদ, ইহুদি, হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান সহ সকলের ভোটই মূল্যবান এবং সকলেরই পার্লামেন্টে বসার অধিকার আছে।

এই ব্যাপারে ইসলামের সাথে সবচেয়ে সাংঘর্ষিক বিষয়গুলো হলো- ‘একজন আলেমের ভোটের মূল্য এবং একজন ব্যভিচারীর, ধর্ষকের আর নেশাগ্রস্ত মুশরিকদের ভোটের মূল্য একই সমান’!

যেমন কুরআন মাজিদে মহান আল্লাহ তা’য়ালা বলেন,

قُلْ مَنْ رَّبُّ السَّمٰوٰتِ وَ الْاَرْضِ قُلِ اللّٰهُ قُلْ اَفَاتَّخَذْتُمْ مِّنْ دُوْنِهٖۤ اَوْلِيَآءَ لَا يَمْلِكُوْنَ لِاَنْفُسِهِمْ نَفْعًا وَّ لَا ضَرًّا قُلْ هَلْ يَسْتَوِى الْاَعْمٰى وَ الْبَصِيْرُ اَمْ هَلْ تَسْتَوِى الظُّلُمٰتُ وَ النُّوْرُ اَمْ جَعَلُوْا لِلّٰهِ شُرَكَآءَ خَلَقُوْا كَخَلْقِهٖ فَتَشَابَهَ الْخَلْقُ عَلَيْهِمْ قُلِ اللّٰهُ خَالِقُ كُلِّ شَيْءٍ وَّ هُوَ الْوَاحِدُ الْقَهَّارُ ﴿۱۶﴾

বল, আসমানসমূহ ও জমিনের রব কে? বল, আল্লাহ। তুমি বল, তোমরা কি তাকে ছাড়া এমন কিছুকে অভিভাবক হিসেবে গ্রহণ করেছো, যারা তাদের নিজেদের কোন উপকার অথবা অপকারের মালিক না? বল, অন্ধ ও দৃষ্টিমান ব্যক্তি কি সমান হতে পারে? নাকি অন্ধকার ও আলো সমান হতে পারে? (সূরহ রা'দ, আ: ১৬)

এখন ভেবে দেখুন, মহান আল্লাহ তা'য়ালাই তার সৃষ্টির মধ্যে পার্থক্য করে দিয়েছেন যে, একজন অপবিত্র মুশরিক আর একজন মুমিন কখনোই সমান হতে পারে না। আর গণতন্ত্র মহান আল্লাহ তা'য়ালার সেই বিধানকেই অস্বীকার করে নতুন একটি বিধান তৈরী করে দিয়েছে।

আর তা হলো, একজন আলেমের ভোটের মূল্য আর একজন অপবিত্র মুশরিকের ভোটের মূল্য সমান সমান। যা স্পষ্ট এক বড় কুফরী। কারণ ইসলাম বলছে- বাইতুল মুকাররমের খতিব মাও: আব্দুল মালেক (হাফি:) আর চিনময় দাস এক সমান নয়। কারণ চিনময় দাস চক্ষুহীন, অন্ধ, অন্ধকারাছন্ন, অপবিত্র মুশরিক। আর মাও: আব্দুল মালেক (হাফি:) চক্ষুমান, আলোকাছন্ন এবং একজন মুমিন। মুশরিকদের ব্যাপারে মহান আল্লাহ তা'য়ালা বলেন,

اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ اَهْلِ الْكِتٰبِ وَ الْمُشْرِكِيْنَ فِيْ نَارِ جَهَنَّمَ خٰلِدِيْنَ فِيْهَا اُولٰٓئِكَ هُمْ شَرُّ الْبَرِيَّةِ ﴿٦﴾

নিশ্চয়ই কিতাবীদের মধ্যে যারা কুফরী করেছে ও মুশরিকরা, জাহান্নামের আগুনে থাকবে স্থায়ী ভাবে। ওরাই সৃষ্টির মধ্যে নিকৃষ্ট। (সূরহ বাইয়্যিনাহ, আ: ৬)

আর মুমিনদের ব্যাপারে মহান আল্লাহ তা'য়ালা বলেন,

اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَ عَمِلُوا الصّٰلِحٰتِ اُولٰٓئِكَ هُمْ خَيْرُ الْبَرِيَّةِ ﴿٧﴾

নিশ্চয়ই যারা ঈমান এনেছে ও সৎ কাজ করেছে; তারাই পৃথিবীর সর্বোৎকৃষ্ট। (সূরহ বাইয়্যিনাহ, আ: ৭)

আর গণতন্ত্র বলে যে- মুমিন, মুশরিক, মুরতাদ নাই। গণতন্ত্রের কাছে সবাই সমান। (নাউজুবিল্লাহ)

প্রিয় পাঠক! একবার ভেবে দেখুন, যদি ইসকন নেতা চিন্ময় দাস একটা ভোট দেয়, নির্বাচন কমিশন সেই একটা ভোটই গণনা করবে।
আবার বাইতুল মুকাররমের ইমাম মাও: আব্দুল মালেক (হাফি:) সাহেব যদি একটা ভোট দেয়; তা নির্বাচন কমিশন জাতীয় ইমাম হিসেবে ভোট ১০ টা গণনা করবে না। বরং একটা ভোটই গণনা করবে। কাজেই মুশরিকদের উপরে মুমিনদের যেই মর্যাদা মহান আল্লাহ তা'য়ালা দান করেছেন। গণতন্ত্র তা সম্পূর্ণরূপে অস্বীকার করে, যা বড় কুফরী।

সম্মানিত পাঠক!
এবার দেখুন গণতন্ত্রের প্রধান একটি নীতি হলো- 'কোনো রাষ্ট্রে গণতান্ত্রিক কোনো সরকার থাকলে, সেই রাষ্ট্রে একটি বিরোধী দল থাকতে হবে'। আর ইসলাম বলে, 'খিলাফার ভূমিতে খলিফার বিরোধী দল থাকা যাবে না'।

وَحَدَّثَنِي وَهْبُ بْنُ بَقِيَّةَ الْوَاسِطِيُّ، حَدَّثَنَا خَالِدُ بْنُ عَبْدِ اللَّهِ، عَنِ الْجُرَيْرِيِّ، عَنْ أَبِي، نَضْرَةَ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِذَا بُويِعَ لِخَلِيفَتَيْنِ فَاقْتُلُوا الآخَرَ مِنْهُمَا "

হযরত আবু সাঈদ খুদরী (রা:) বলেন, আল্লাহর রসূল (ﷺ) বলেছেন, যদি দুই খলিফার জন্য বায়াত গ্রহণ করা হয় তবে তাদের শেষোক্ত ব্যক্তিকে হত্যা করবে। (ছহিহ মুসলিম ই.ফা., অধ্যায়- রাষ্ট্র ক্ষমতা ও প্রশাসন, হাদিস নং ৪৬৪৬, মান সহিহ)

وَحَدَّثَنِي عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا يُونُسُ بْنُ أَبِي يَعْفُورٍ، عَنْ أَبِيهِ، عَنْ عَرْفَجَةَ، قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " مَنْ أَتَاكُمْ وَأَمْرُكُمْ جَمِيعٌ عَلَى رَجُلٍ وَاحِدٍ يُرِيدُ أَنْ يَشُقَّ عَصَاكُمْ أَوْ يُفَرِّقَ جَمَاعَتَكُمْ فَاقْتُلُوهُ "

হযরত আরফাজা (রা:) বলেন, আমি আল্লাহর রসূল (ﷺ) কে বলতে শুনেছি- তোমাদের এক আমীরের অধীনে সংঘবদ্ধ থাকা অবস্থায় যে ব্যক্তি এসে তোমাদের শক্তি খর্ব করতে চেষ্টা করে অথবা তোমাদের ঐক্য বিনষ্ট করতে

চায়; তাকে তোমরা হত্যা করবে। (ছহিহ মুসলিম ই.ফা., অধ্যায়- রাষ্ট্র ক্ষমতা ও প্রশাসন, হাদিস নং ৪৬৪৫, মান সহিহ)

অর্থাৎ ইসলামের বিধানকে অস্বীকার করে গণতান্ত্রিক রাষ্ট্রে বিরোধী দল ও নেতা রাখার যেই বিধান গণতন্ত্র দ্বারা তৈরী হয়েছে, তা বড় কুফরী।
সুতরাং যারা বুঝতে পারেন না যে গণতন্ত্র কুফরী। তারা অত্র লেখাটি পড়ে নিরপেক্ষভাবে বোঝার চেষ্টা করবেন, ইনশাআল্লাহ।

(১.১০) আল্লাহর রসূল (ﷺ) এর আনিত বিধানের কোন অংশকে অপছন্দ করা বড় কুফরী। যদিও সে ঐ বিষয়ে আমল করে।

মহান আল্লাহ তা'য়ালা বলেন,

وَ الَّذِيْنَ كَفَرُوْا فَتَعْسًا لَّهُمْ وَ اَضَلَّ اَعْمَالَهُمْ ﴿٨﴾ ذٰلِكَ بِاَنَّهُمْ كَرِهُوْا مَاۤ اَنْزَلَ اللّٰهُ فَاَحْبَطَ اَعْمَالَهُمْ ﴿٩﴾

আর যারা কুফরী করে তাদের জন্য রয়েছে ধ্বংস এবং তিনি তাদের আমলসমূহ ব্যর্থ করে দিবেন; তা এজন্য যে, আল্লাহ যা নাযিল করেছেন তারা তা অপছন্দ করে। অতএব তিনি তাদের আমল সমূহ বিনষ্ট করে দিবেন। (সূরহ মুহাম্মাদ, আ: ৮-৯)

(১.১১) আল্লাহর রসূল (ﷺ) এর আনীত দ্বীনের কোনো বিষয় অথবা ইসলামের ছওয়াব বা শাস্তির ব্যাপারে ঠাট্টা-বিদ্রুপ করা বড় কুফরী।

মহান আল্লাহ তা'য়ালা বলেন,

وَلَئِنْ سَاَلْتَهُمْ لَيَقُوْلُنَّ اِنَّمَا كُنَّا نَخُوْضُ وَنَلْعَبُ ؕ قُلْ اَبِاللّٰهِ وَاٰيٰتِهٖ وَرَسُوْلِهٖ كُنْتُمْ تَسْتَهْزِءُوْنَ ﴿٦٥﴾ لَا تَعْتَذِرُوْا قَدْ كَفَرْتُمْ بَعْدَ اِيْمَانِكُمْ ؕ اِنْ نَّعْفُ عَنْ طَآئِفَةٍ مِّنْكُمْ نُعَذِّبْ طَآئِفَةًۢ بِاَنَّهُمْ كَانُوْا مُجْرِمِيْنَ ﴿٦٦﴾

আর যদি তুমি তাদেরকে প্রশ্ন করো। অবশ্যই তারা বলবে, আমরা আলাপচারিতা ও খেল-তামাশা করছিলাম। বল! আল্লাহ, তার আয়াত সমূহ

ও তার রসূলের সাথে তোমরা বিদ্রুপ করছিলে? তোমরা অযুহাত পেশ করো না। তোমরা তোমাদের ঈমানের পর অবশ্যই কুফরী করেছ।' (সূরহ তাওবা, আ: ৬৫-৬৬)

(১.১২) যাদুর মাধ্যমে ভালো বা মন্দ কিছু অর্জন করা অথবা স্বামী-স্ত্রীর মাঝে সম্পর্ক স্থাপন বা বিচ্ছেদ ঘটাতে গোপনে বা প্রকাশ্যে তন্ত্র-মন্ত্র করা অথবা ছেলে মেয়ের সম্পর্ক স্থাপন বা বন্ধুত্বের ফাটল ধরাতে চাওয়া বড় কুফরী।

আল্লাহ তা'য়ালা বলেন,

وَاتَّبَعُوْا مَا تَتْلُوا الشَّيٰطِيْنُ عَلٰى مُلْكِ سُلَيْمٰنَ ۚ وَمَا كَفَرَ سُلَيْمٰنُ وَلٰكِنَّ الشَّيٰطِيْنَ كَفَرُوْا يُعَلِّمُوْنَ النَّاسَ السِّحْرَ ۗ وَمَآ اُنْزِلَ عَلَى الْمَلَكَيْنِ بِبَابِلَ هَارُوْتَ وَمَارُوْتَ ۚ وَمَا يُعَلِّمٰنِ مِنْ اَحَدٍ حَتّٰى يَقُوْلَآ اِنَّمَا نَحْنُ فِتْنَةٌ فَلَا تَكْفُرْ ۖ فَيَتَعَلَّمُوْنَ مِنْهُمَا مَا يُفَرِّقُوْنَ بِهٖ بَيْنَ الْمَرْءِ وَزَوْجِهٖ ۚ وَمَا هُمْ بِضَآرِّيْنَ بِهٖ مِنْ اَحَدٍ اِلَّا بِاِذْنِ اللّٰهِ ۚ وَيَتَعَلَّمُوْنَ مَا يَضُرُّهُمْ وَلَا يَنْفَعُهُمْ ۚ وَلَقَدْ عَلِمُوْا لَمَنِ اشْتَرٰىهُ مَا لَهٗ فِى الْاٰخِرَةِ مِنْ خَلَاقٍ ۚ وَلَبِئْسَ مَا شَرَوْا بِهٖٓ اَنْفُسَهُمْ ۚ لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ ﴿١٠٢﴾

আর তারা অনুসরণ করেছে, যা শয়তানরা সুলাইমানের রাজত্বে পাঠ করত। আর সুলাইমান কুফরী করেনি; বরং শয়তানরা কুফরী করেছে। তারা মানুষকে যাদু শেখাত এবং (তারা অনুসরণ করেছে) যা নাযিল করা হয়েছিল বাবেলের দুই ফেরেশতা হারুত ও মারুতের উপর। আর তারা কাউকে শেখাত না যে পর্যন্ত না বলত যে, আমরা তো পরীক্ষা, সুতরাং তোমরা কুফরী করো না। এরপরও তারা এদের কাছ থেকে শিখত, যার মাধ্যমে তারা পুরুষ ও তার স্ত্রীর মধ্যে বিচ্ছেদ ঘটাত। অথচ তারা তার মাধ্যমে কারো কোন ক্ষতি করতে পারত না আল্লাহর অনুমতি ছাড়া। আর তারা শিখত যা তাদের ক্ষতি করত, তাদের উপকার করত না এবং তারা অবশ্যই জানত যে, যে ব্যক্তি তা ক্রয় করবে, আখিরাতে তার কোন অংশ থাকবে না। আর তা নিশ্চিতরূপে কতই-না মন্দ, যার বিনিময়ে তারা নিজেদেরকে বিক্রয় করেছে। যদি তারা জানত। (সূরহ বাকারহ, আ: ১০২)

(১.১৩) মুসলিমদের বিরুদ্ধে মুশরিকদের সাহায্য সহযোগিতা করা বড় কুফরী।

আল্লাহ তা'য়ালা বলেন,

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَتَّخِذُوْا عَدُوِّيْ وَ عَدُوَّكُمْ اَوْلِيَآءَ تُلْقُوْنَ اِلَيْهِمْ بِالْمَوَدَّةِ وَ قَدْ كَفَرُوْا بِمَا جَآءَكُمْ مِّنَ الْحَقِّ يُخْرِجُوْنَ الرَّسُوْلَ وَ اِيَّاكُمْ اَنْ تُؤْمِنُوْا بِاللّٰهِ رَبِّكُمْ اِنْ كُنْتُمْ خَرَجْتُمْ جِهَادًا فِيْ سَبِيْلِيْ وَ ابْتِغَآءَ مَرْضَاتِيْ ۚ تُسِرُّوْنَ اِلَيْهِمْ بِالْمَوَدَّةِ ۖ وَ اَنَا اَعْلَمُ بِمَآ اَخْفَيْتُمْ وَ مَآ اَعْلَنْتُمْ ؕ وَ مَنْ يَّفْعَلْهُ مِنْكُمْ فَقَدْ ضَلَّ سَوَآءَ السَّبِيْلِ ﴿۱﴾

হে ঈমানদারগণ, তোমরা আমার ও তোমাদের শত্রুদেরকে বন্ধুরূপে গ্রহণ করে তাদের প্রতি ভালোবাসা প্রদর্শন করো না, অথচ তোমাদের কাছে যে সত্য এসেছে তা তারা অস্বীকার করেছে এবং রসূলকে ও তোমাদেরকে বের করে দিয়েছে এজন্য যে, তোমরা তোমাদের রব আল্লাহর প্রতি ঈমান এনেছ। তোমরা যদি আমার পথে সংগ্রামে ও আমার সন্তুষ্টির সন্ধানে বের হও (তবে কাফিরদেরকে বন্ধুরূপে গ্রহণ করো না) তোমরা গোপনে তাদের সাথে বন্ধুত্ব প্রকাশ কর অথচ তোমরা যা গোপন কর এবং যা প্রকাশ কর তা আমি জানি। তোমাদের মধ্যে যে এমন করবে সে সরল পথ হতে বিচ্যুত হবে। (সূরহ মুমতাহিনা, আ: ১)

(১.১৪) আল্লাহর রসূল (ﷺ) এর আনীত শরিয়াত ব্যতীত অন্য কোনো ধর্মে জীবন পরিচালনা করলে জান্নাত পাওয়া যাবে, এমন কথা মুখে উচ্চারণ করা বা অন্তরে বিশ্বাস করা বড় কুফরী।

আল্লাহ তা'য়ালা বলেন,

وَ مَنْ يَّبْتَغِ غَيْرَ الْاِسْلَامِ دِيْنًا فَلَنْ يُّقْبَلَ مِنْهُ ۚ وَ هُوَ فِي الْاٰخِرَةِ مِنَ الْخٰسِرِيْنَ ﴿۸۵﴾

আর যে ইসলাম ছাড়া অন্য কোন দ্বীন চায় তবে তার কাছ থেকে তা কখনো গ্রহণ করা হবে না এবং সে আখিরাতে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে। (সূরহ আলে ইমরান, আ: ৮৫)

আল্লাহ তা'য়ালার মনোনীত দ্বীন ইসলাম থেকে মুখ ফিরিয়ে নেয়া বড় কুফরী। আল্লাহ তা'য়ালা বলেন,

وَمَنْ اَظْلَمُ مِمَّنْ ذُكِّرَ بِاٰيٰتِ رَبِّهٖ ثُمَّ اَعْرَضَ عَنْهَا ؕ اِنَّا مِنَ الْمُجْرِمِيْنَ مُنْتَقِمُوْنَ ﴿۲۲﴾

আর তার চেয়ে বড় যালিম আর কে, যাকে স্বীয় রবের আয়াতসমূহের মাধ্যমে উপদেশ দেয়ার পর তা থেকে মুখ ফিরিয়ে নেয়। নিশ্চয় আমি অপরাধীদের কাছ থেকে প্রতিশোধ গ্রহণকারী। (সূরহ সাজদাহ, আ: ২২)

(১.১৫) আল্লাহর রসূল (ﷺ) শেষ নাবী ও শেষ রসূল একথা বিশ্বাস না করা অথবা আল্লাহর রসূল (ﷺ) এর পরেও আরো কোনো নাবী বা রসূল আসবে বা আসছে একথা বিশ্বাস করা বড় কুফরী।

আল্লাহ তায়ালা বলেন,

مَا كَانَ مُحَمَّدٌ اَبَآ اَحَدٍ مِّنْ رِّجَالِكُمْ وَلٰكِنْ رَّسُوْلَ اللّٰهِ وَخَاتَمَ النَّبِيّٖنَ ؕ وَكَانَ اللّٰهُ بِكُلِّ شَیْءٍ عَلِيْمًا

মুহাম্মাদ তোমাদের পুরুষদের মধ্যে কারো পিতা নন; বরং তিনি আল্লাহর রসূল এবং নবীদের শেষ (খাতামুন নাবিয়্যীন)। আর আল্লাহ সব বিষয়ে সর্বজ্ঞ। (সূরহ আহযাব, আ: ৪০)

ইমাম ইবনু কাসীর (রহঃ) বলেন,

وقد أجمع المسلمون على أن من ادعى النبوة بعده ﷺ فهو كافر

"যে ব্যক্তি মুহাম্মাদ ﷺ এর পরে নবুয়তের দাবী করে, সে নিঃসন্দেহে কাফির- এ বিষয়ে উম্মাতের ইজমা রয়েছে।" (তাফসীর ইবনু কাসীর, সূরা আহযাব ৩৩:৪০ এর তাফসীর)

ইমাম ইবনু আবিল ইয্ আল-হানাফী (রহঃ) বলেন,

فمن ادَّعى النبوة بعده ﷺ فهو كافرٌ، ومن صدَّقه في دعواه فهو كافرٌ.

"রসূল ﷺ এর পরে যে কেউ নবুয়তের দাবী করে সে কাফির। আর যে তাকে সত্য বলে সেও কাফির।" (শারহু আকীদাতুত তাহাবিয়্যাহ, ইমাম ইবনু আবিল ইয্ আল-হানাফী (রহঃ), পৃষ্ঠাঃ ৫২৮–৫২৯, মাকতাবাতুল ইসলামি, বৈরুত)

[২]

ছোট কুফরী হলো শরিয়তের দলিল তাকে কুফর বলেছে ঠিকই, কিন্তু তত বড় কুফর নয়। বড় কুফর হলো যেগুলো মানুষকে দ্বীন থেকে বের করে দেয়; এবং শাস্তিস্বরূপ মহান আল্লাহ তাকে স্থায়ীভাবে জাহান্নামে নিক্ষেপ করেন (নাউজুবিল্লাহ)। আর ছোট কুফর মানুষকে দ্বীন থেকে বের করে দেয় না; তবে ছোট কুফরীর কারণে কবিরাহ গোনাহ সংঘটিত হয়। আর ছোট কুফরকারী ব্যক্তিকে আল্লাহ তা'য়ালা জাহান্নামে দিলেও তার নির্দিষ্ট শাস্তি ভোগের পর আবার জান্নাত দান করবেন।

(২.১) মুসলমান-মুসলমান যুদ্ধ করা ছোট কুফরী।

হযরত আব্দুল্লাহ (রা:) বলেছেন,

حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُسَ، حَدَّثَنَا الأَعْمَشُ، عَنْ شَقِيقٍ، عَنِ ابْنِ مَسْعُودٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ سِبَابُ الْمُسْلِمِ فُسُوقٌ وَقِتَالُهُ كُفْرٌ

'মুসলিমকে গালি দেয়া ফাসেকী এবং তাকে হত্যা করা কুফরী।' (সুনান ইবনু মাজাহ ৩৯৩৯)

মহান আল্লাহ তা'য়ালা বলেন,

اِنَّمَا الْمُؤْمِنُوْنَ اِخْوَةٌ فَاَصْلِحُوْا بَيْنَ اَخَوَيْكُمْ وَاتَّقُوا اللّٰهَ لَعَلَّكُمْ تُرْحَمُوْنَ ﴿۱۰﴾

মুমিনরা তো পরস্পর ভাই ভাই। অতএব তোমরা তোমাদের দুই ভাইয়ের মধ্যে মিমাংসা কর। (সূরহ হুজুরাত, আ: ১০)

আল্লাহ তা'য়ালা আরো বলেন,

فَمَنْ عُفِيَ لَهٗ مِنْ اَخِيْهِ شَيْءٌ فَاتِّبَاعٌۢ بِالْمَعْرُوْفِ وَاَدَآءٌ اِلَيْهِ بِاِحْسَانٍ

অতঃপর হত্যাকারীকে তার (নিহত) ভাইয়ের তরফ থেকে যদি কিছুটা মাফ করে দেয়া হয়। তবে (নিহতের ওয়ারিশগণ) সেই নিয়মের অনুসরণ করবে এবং হত্যাকারী উত্তমভাবে তাকে তা প্রদান করবে। (সূরহ বাকারহ, আ: ১৭৮)

(২.২) আল্লাহর দেয়া রিযিক লাভের পর কৃতজ্ঞতা জ্ঞাপন না করা ছোট কুফরী।

আল্লাহ তা'য়ালা বলেন,

وَضَرَبَ اللّٰهُ مَثَلًا قَرْيَةً كَانَتْ اٰمِنَةً مُّطْمَئِنَّةً يَّاْتِيْهَا رِزْقُهَا رَغَدًا مِّنْ كُلِّ مَكَانٍ فَكَفَرَتْ بِاَنْعُمِ اللّٰهِ فَاَذَاقَهَا اللّٰهُ لِبَاسَ الْجُوْعِ وَالْخَوْفِ بِمَا كَانُوْا يَصْنَعُوْنَ ﴿١١٢﴾

আল্লাহ দৃষ্টান্ত দিয়েছেন এক জনপদের; যা ছিল নিরাপদ ও নিশ্চিত। যেখানে সর্বাদিক থেকে প্রচুর জীবনোপকরণ আসতো। অতঃপর তারা আল্লাহর অনুগ্রহ অস্বীকার করলো, ফলে তারা যা করত তাজন্যে তাদেরকে আল্লাহ ক্ষুধা ও ভীতির আচ্ছাদনের স্বাদ গ্রহণ করালেন। (সূরহ নাহল, আ: ১১২)

(২.৩) অন্যের বংশের প্রতি তাচ্ছিল্য করা এবং মৃত ব্যক্তির জন্য বিলাপ করা অর্থাৎ মৃত ব্যক্তিগণকে স্বরণ করে উচ্চস্বরে ক্রন্দন করা ছোট কুফরী।

হযরত আবু হুরাইরা (রা:) বলেন,

وَحَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، ح وَحَدَّثَنَا ابْنُ نُمَيْرٍ، وَاللَّفْظُ لَهُ حَدَّثَنَا أَبِي وَمُحَمَّدُ بْنُ عُبَيْدٍ، كُلُّهُمْ عَنِ الأَعْمَشِ، عَنْ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم "اثْنَتَانِ فِي النَّاسِ هُمَا بِهِمْ كُفْرٌ الطَّعْنُ فِي النَّسَبِ وَالنِّيَاحَةُ عَلَى الْمَيِّتِ"

আল্লাহর রসূল (ﷺ) বলেছেন- দুটো স্বভাব মানুষের মধ্যে রয়েছে যা কুফরী বলে গণ্য। এক) অন্যের বংশের প্রতি তাচ্ছিল্য করা। দুই) মৃত ব্যক্তির জন্য উচ্চস্বরে বিলাপ করা। (ছহিহ মুসলিম, ই. ফা. হাদিস নং ১৩১, মান-ছহিহ)

(২.৪) আল্লাহ ব্যতীত অন্যের নামে কসম করা ছোট কুফরী।

হযরত সাদ ইবনু উবাইদা (রা:) বলেন,

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا أَبُو خَالِدٍ الأَحْمَرُ، عَنِ الْحَسَنِ بْنِ عُبَيْدِ اللهِ، عَنْ سَعْدِ بْنِ عُبَيْدَةَ، أَنَّ ابْنَ عُمَرَ، سَمِعَ رَجُلاً، يَقُولُ لاَ وَالْكَعْبَةِ. فَقَالَ ابْنُ عُمَرَ لاَ يُحْلَفُ بِغَيْرِ اللهِ فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم يَقُولُ "مَنْ حَلَفَ بِغَيْرِ اللهِ فَقَدْ كَفَرَ أَوْ أَشْرَكَ"

ইবনে উমর (রা:) একজন লোককে বলতে শুনলেন- কা'বার কসম! ইবনু উমর বললেন, আল্লাহ তা'য়ালা ব্যতীত অন্যকিছুর নামে কসম করা যাবে না। কেননা, আল্লাহর রসূল (ﷺ) কে আমি বলতে শুনেছি- আল্লাহ তা'য়ালার নাম ব্যতীত অন্য কিছুর নামে যে লোক কসম করল সে যেন কুফরী করলো অথবা শিরক করল।' (সুনান আত তিরমিজি, হা: ১৫৩৫, মান: ছহিহ)

(২.৫) পিতার পরিচয় অস্বীকার করা ছোট কুফরী।

হযরত আবু হুরাইরা (রা:) বলেন,

أَصْبَغُ بْنُ الْفَرَجِ حَدَّثَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي عَمْرٌو وَعَنْ جَعْفَرِ بْنِ رَبِيعَةَ عَنْ عِرَاكٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ لاَ تَرْغَبُوا عَنْ آبَائِكُمْ فَمَنْ رَغِبَ عَنْ أَبِيهِ فَهُوَ كُفْرٌ

আল্লাহর রসূল (ﷺ) বলেছেন- তোমরা তোমাদের পিতৃ পরিচয়কে অস্বীকৃতি জানিও না। যে স্বীয় পিতৃ পরিচয় অস্বীকার করলো, সে কুফরী করলো। (ছহিহ বুখারী, হা ৬৭৬৮, মান ছহিহ)

(২.৬) ঋতুবতী স্ত্রীর সাথে সহবাস করা অথবা স্ত্রীর পায়ুপথে সহবাস করা অথবা গণকের নিকট যাওয়া ছোট কুফরী।

হযরত আবু হুরাইরা (রা:) বলেন,

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، وَعَلِيُّ بْنُ مُحَمَّدٍ، قَالاَ حَدَّثَنَا وَكِيعٌ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، عَنْ حَكِيمٍ الأَثْرَمِ، عَنْ أَبِي تَمِيمَةَ الْهُجَيْمِيِّ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه

وسلم - "مَنْ أَتَى حَائِضًا أَوِ امْرَأَةً فِي دُبُرِهَا أَوْ كَاهِنًا فَصَدَّقَهُ بِمَا يَقُولُ فَقَدْ كَفَرَ بِمَا أُنْزِلَ عَلَى مُحَمَّدٍ"

নাবী (ﷺ) বলেছেন- যে ব্যক্তি ঋতুবতী স্ত্রী লোকের সাথে সহবাস করে অথবা স্ত্রীর পায়ুপথে সহবাস করে অথবা গণকের নিকট যায়। সে মুহাম্মাদ (ﷺ) এর উপর যা নাযিল হয়েছে তা অবিশ্বাস করে অর্থাৎ কুফরী করে। (সুনানে ইবনু মাজাহ, হাদিস ৬৩৯, মান: ছহিহ)

সম্মানিত পাঠক!

আমরা দুই প্রকার কুফরী সম্পর্কেই অত্র আলোচনা থেকে জানলাম। যার এক প্রকার হলো বড় কুফরী আর অন্যটা হলো ছোট কুফরী।

যদিও মহান আল্লাহ তা'য়ালা অত্র সূরহ 'সূরহ মুহাম্মাদ' এর ৮ নং আয়াতে বড় কুফরীর কথাই উল্লেখ করেছেন। যেহেতু আমরা বড় কুফরী সম্পর্কেও সংক্ষিপ্ত ধারণা পেয়েছি এবং বড় কুফরীর পরিণতি স্থায়ীভাবে জাহান্নাম, সেই সম্পর্কেও অবগত হয়েছি।

অতঃপর বান্দা যত ভালো কাজই করুক না কেন, যদি সে বড় কুফরীর মধ্যে লিপ্ত হয় এবং সে অবস্থায় মৃত্যু বরণ করলে আল্লাহ তা'য়ালা তাকে স্থায়ীভাবে জাহান্নামে দিবেন এবং তার ভালো কোনো কাজই উপকারে আসবে না। কেননা, মহান আল্লাহ তা'য়ালা তার সেই ভালো কর্মগুলোকে গ্রহণই করবেন না।

কাজেই যে যতোই ভালো কাজ করুক না কেন; তার ঈমান সম্পর্কেই তাকে বেশি যত্নবান হতে হবে। যেন তার ঈমান বিশুদ্ধ হয়। তা ব্যতীত মহান আল্লাহ তা'য়ালা তার কোনো ভালো কাজই গ্রহণ করবেন না। এর জন্যই মহান আল্লাহ তা'য়ালা বলেন,

ذٰلِكَ بِاَنَّهُمْ كَرِهُوْا مَآ اَنْزَلَ اللّٰهُ فَاَحْبَطَ اَعْمَالَهُمْ ﴿٩﴾

'আল্লাহ তাদের কর্ম ব্যর্থ করে দিবেন'। (সূরহ মুহাম্মাদ, আ: ৯)

ফলে তার কুফরির পরিণতি হবে স্থায়ীভাবে জাহান্নাম। (নাউযুবিল্লাহ)

কুফুরীকারীদের জন্য
মহান আল্লাহ তায়ালার সাবধান বাণী

- **আয়াত-১০ ও ১১**

আল্লাহ তা'য়ালা বলেন,

اَفَلَمْ يَسِيْرُوْا فِى الْاَرْضِ فَيَنْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ۭ دَمَّرَ اللّٰهُ عَلَيْهِمْ ۭ وَلِلْكٰفِرِيْنَ اَمْثَالُهَا ﴿١٠﴾ ذٰلِكَ بِاَنَّ اللّٰهَ مَوْلَى الَّذِيْنَ اٰمَنُوْا وَاَنَّ الْكٰفِرِيْنَ لَا مَوْلٰى لَهُمْ ﴿١١﴾

(১০) তারা কি পৃথিবীতে পরিভ্রমণ করে নাই এবং দেখে নাই তাদের পূর্ববর্তীদের পরিণাম কি হয়েছিলো? আল্লাহ তাদেরকে ধ্বংস করেছেন এবং কাফেরদের জন্য রয়েছে অনুরূপ পরিণাম। (১১) এটা এই জন্য যে, আল্লাহ তো মুমিনদের অভিভাবক এবং কাফেরদের তো কোনো অভিভাবক নাই।

আলোচনা :

উপরে উল্লেখিত আয়াতদ্বয়ে মহান আল্লাহ তা'য়ালা প্রথমত কাফেরদের প্রতি দয়া প্রদর্শন করেছেন যে- 'তোমরা কি পৃথিবীতে পরিভ্রমণ করো নাই? যদি পরিভ্রমণ না করে থাকো তবে পরিভ্রমণ করে নাও। তোমরা তোমাদের নিজের চোখেই ঘুরে ঘুরে দেখে নাও। তাদের অবস্থা; যারা আল্লাহর সাথে কুফরী করেছে, তাদের পরিণাম কি হয়েছে। সুতরাং তোমাদের পূর্ববর্তী কুফফারদের পথ তোমরা ছেড়ে দাও এবং মহান আল্লাহর দিকে ফিরে আসো। তাদের অবস্থা কি হয়েছিল? নিজের চোখে তোমরা দেখে নাও। তাদের সেই ধ্বংসাবশেষ এখন পৃথিবীতে রয়েছে। যদি তোমরা আল্লাহর দিকে ফিরে না আসো, তবে তোমাদের অবস্থাও অনুরূপই হবে।'

পরের আয়াতে মহান আল্লাহ তা'য়ালা কাফেরদের সাবধান করে দিচ্ছেন যে, মহান আল্লাহ তা'য়ালা মুমিন সম্প্রদায়ের মাওলা অর্থাৎ অভিভাবক। আর কাফের সম্প্রদায়ের কোনো মাওলা নাই।

সুতরাং এখনো সময় আছে। তোমরা তোমাদের অভিভাবককে গ্রহণ কর এবং মাওলার দিকে ফিরে আসো। তা ব্যতীত আসমান, জমিনে এমন কেউ বা কিছু নেই যে আল্লাহর বিপরীতে গিয়ে তোমাদের অভিভাবক হবে।

হাদিসে বর্ণিত আছে- হযরত বারাআ ইবনে আযিব (রা:) বলেন (হাদিসের প্রাসঙ্গিক অংশ)-

قَالَ يَوْمٌ بِيَوْمِ بَدْرٍ وَالْحَرْبُ سِجَالٌ إِنَّكُمْ سَتَجِدُوْنَ فِي الْقَوْمِ مُثْلَةً لَمْ آمُرْ بِهَا وَلَمْ تَسُؤْنِيْ ثُمَّ أَخَذَ يَرْتَجِزُ أُعْلُ هُبَلْ أُعْلُ هُبَلْ قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم أَلَا تُجِيْبُوْا لَهُ قَالُوْا يَا رَسُوْلَ اللهِ مَا نَقُوْلُ قَالَ قُوْلُوْا اللهُ أَعْلَى وَأَجَلُّ قَالَ إِنَّ لَنَا الْعُزَّى وَلَا عُزَّى لَكُمْ فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم أَلَا تُجِيْبُوْا لَهُ قَالَ قَالُوْا يَا رَسُوْلَ اللهِ مَا نَقُوْلُ قَالَ قُوْلُوْا اللهُ مَوْلَانَا وَلَا مَوْلَى لَكُمْ

‘আবু সুফিয়ান (উহুদ যুদ্ধের দিন) বলল, আজ বদরের দিনের প্রতিশোধ। যুদ্ধ তো বালতির মত। তোমরা তোমাদের লোকদের মধ্যে নাক-কান কাটা দেখবে। আমি এর আদেশ দেইনি। আবার তা আমি পছন্দও করিনি। অতঃপর বলতে লাগলো- হে হুবাল! তোমার মাথা উঁচু হোক। হে হুবাল! তোমার মাথা উঁচু হোক। তখন আল্লাহর রসূল (ﷺ) সাহাবাগণকে বললেন- তোমরা এর উত্তর দিবে না। তারা বললেন, হে আল্লাহর রসূল! আমরা কি বলব? তিনি বললেন- তোমরা বল, আল্লাহ তা’য়ালা সবচেয়ে মর্যাদাবান। তিনি মহা মহিমান্বিত। আবু সুফিয়ান বললো- আমাদের জন্য উয্যা রয়েছে, তোমাদের উয্যা নেই। নাবী (ﷺ) বললেন- তোমরা কি উত্তর দেবে না? বারাআ (রা:) বলেন, সাহাবীগণ (রা:) বললেন, হে আল্লাহর রসূল! আমরা কি বলবো? আল্লাহর রসূল (ﷺ) বললেন, তোমরা বল- আল্লাহ আমাদের মাওলা/অভিভাবক, তোমাদের কোনো মাওলা নেই অর্থাৎ অভিভাবক নেই’। (ছহিহ বুখারী, তা.পা., হা. নং ৩০৩৯)

আল্লাহই আমাদের মাওলা আর তিনিই আমাদের সাহায্যকারী। মহান আল্লাহ তা’য়ালা আমাদের সকলকেই কুফরী হতে হেফাজত করুন। আমীন।

سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ، أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا أَنْتَ، أَسْتَغْفِرُكَ وَأَتُوبُ إِلَيْكَ

প্রথম পর্ব
সমাপ্ত

নোট

. . . . . .

. . . . . .

. . . . . .

. . . . . .

. . . . . .

. . . . . .

. . . . . .

. . . . . .

. . . . . .

. . . . . .

. . . . . .

. . . . . .

. . . . . .

. . . . . .

. . . . . .

....

....

....

....

....

....

....

....

....

....

....

....

....

....

....

হাবীবুল্লাহ মাহমুদ এর লিখিত বইসমূহঃ

১. সার্বভৌম ক্ষমতার মালিক আল্লাহ
২. তা'লিমুত তাওহীদ
৩. তাওহীদ আল ইবাদাহ
৪. ইসলামের বুনিয়াদ শিক্ষা
৫. রসূল ﷺ এর শিখানো ছলাত
৬. ইসলাম পালনের মূলনীতি
৭. আপনার যাকাতে যাদের হক রয়েছে
৮. মাসজিদে যিরার (লিখিত বক্তব্য)
৯. মুক্তির পয়গাম
১০. ইসলামে সামাজিক জীবন
১১. তোমার লক্ষ্য যেন হয় জান্নাত
১২. দ্বীন প্রতিষ্ঠার কাজে নারীদের ভূমিকা
১৩. ইসলামে মৃত ব্যক্তিদের সম্পদ বণ্টন নীতি
১৪. আল্লাহর পথের পথিক
১৫. গাজওয়াতুল হিন্দের সংক্ষিপ্ত আলোচনা
১৬. সীরতে মুহাম্মাদ ইবনে আব্দুল্লাহ আল আরাবী ﷺ
১৭. তরজমায়ে সূরা মুহাম্মাদ
১৮. বিচার দিবস

শেষ্টিম প্রকাশনী